# প্রবিধি অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত আইন, আদেশ ও বিধি-বিধানসমূহের সংকলন




**প্রবিধি অনুবিভাগ**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রবিধি অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত আইন, আদেশ ও বিধি-বিধানসমূহের সংকলন

প্রবিধি অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রবিধি অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত আইন, আদেশ ও বিধি-বিধানসমূহের সংকলন




প্রবিধি অনুবিভাগ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ

৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**ড. সালেহউদ্দিন আহমেদ**
**উপদেষ্টা**
**অর্থ মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Dr. Salehuddin Ahmed**
**Adviser**
**Ministry of Finance**
Government of the People's
Republic of Bangladesh

## মুখবন্ধ

অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক আইন ও বিধি-বিধানসমূহের সংকলন 'হ্যান্ডবুক' হিসেবে প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

জনকল্যাণমূলক সরকার ব্যবস্থার অন্যতম একটি পদক্ষেপ হচ্ছে আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা। আর এ লক্ষ্য বাস্তবায়নের অংশ হিসেবে আর্থিক বিধি-বিধান প্রণয়ন করা হয়ে থাকে এবং সময়ে সময়ে তা হালনাগাদ করে যুগোপযোগী করা হয়। যে কোন দেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে উন্নয়নে অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে জনগণের অধিকার রক্ষায় আইন, বিধি-বিধান প্রণয়ন করা ও তা অনুসরণ করা। ২০১২ সালের পর অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ হতে জারিকৃত সকল প্রজ্ঞাপন, পরিপত্র, বিধি, আদেশ, নির্দেশনা প্রভৃতি সংকলন করে 'হ্যান্ডবুক' হিসেবে প্রকাশের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

সরকারের অন্যতম অগ্রাধিকার হলো আর্থিক খাতে শৃঙ্খলা বজায় রেখে সেবা সহজীকরণের মাধ্যমে জনগণের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন। এ প্রেক্ষাপটে সময়োপযোগী আর্থিক বিধি-বিধান প্রণয়ন এবং তা অংশীজনের জন্য ব্যবহারোপযোগী করার কোন বিকল্প নাই। আর্থিক ব্যবস্থাপনার বিধি-বিধান যথাযথভাবে পরিপালন ও প্রতিপালন সরকারি ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও আর্থিক অপচয় রোধ নিশ্চিত করে। এ ক্ষেত্রে প্রবিধি অনুবিভাগের উদ্যোগে সময়ে সময়ে জারিকৃত সকল আইনকানুন, বিধি-বিধান, পরিপত্র, প্রজ্ঞাপনসমূহ একটি বই আকারে সংকলিত হওয়ায় সংশ্লিষ্ট অংশীজনেরা অতি সহজেই তা হাতের নাগালে পাবেন এবং অনুসরণ করতে পারবেন। এতে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত হবে। আধুনিক, বৈষম্যহীন ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ বিনির্মাণের ক্ষেত্রে এ ধরনের উদ্যোগ আমাদেরকে সত্যিকার অর্থে আর্থিক ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য পরিবর্তন আনয়নে বিশেষভাবে সহায়তা করবে বলে আমি বিশ্বাস করি।

এ 'হ্যান্ডবুক' অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের প্রত্যাশা পূরণ করে আর্থিক ব্যবস্থাপনায় ইতিবাচক পরিবর্তন আনয়নে সহায়তা করবে মর্মে প্রত্যাশা করছি।

পরিশেষে, এ 'হ্যান্ডবুক' সংকলনের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন।

ড. সালেহউদ্দিন আহমেদ
উপদেষ্টা
অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সচিব**
**অর্থ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Secretary**
**Finance Division**
**Ministry of Finance**
Government of the People's Republic of Bangladesh

# মুখবন্ধ

অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের উদ্যোগে সময়ে সময়ে জারিকৃত আর্থিক আইন ও বিধি-বিধানসমূহের সংকলন হ্যান্ডবুক হিসেবে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে জেনে আমি আনন্দিত।

হ্যান্ডবুকটি অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ হতে বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র, আদেশ, নির্দেশনা, প্রজ্ঞাপন, অফিস স্মারক, নীতিমালা ইত্যাদির একটি সংকলন। সকল সরকারি কর্মচারী বিশেষত অর্থ বিভাগের কর্মচারীগণের নিয়মিত কর্মসম্পাদনের জন্য এসব বিধি-বিধান খুবই প্রয়োজনীয়। ২০১২ সালের পর থেকে প্রবিধি অনুবিভাগের তথ্য ভান্ডারে যুক্ত হয়েছে অনেক নতুন প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা, বিধি-প্রবিধি, পরিপত্র প্রভৃতি। উক্ত নতুন সংযোজনগুলোকে সংকলিত করে হ্যান্ডবুক প্রকাশের এ উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

হ্যান্ডবুকটিতে সরকারি কর্মচারীগণের পেনশন ও আনুতোষিক, ছুটি ও সাধারণ ভবিষ্য তহবিলের হার নির্ধারণ সংক্রান্ত ২০১২ হতে ২০২৪ সাল পর্যন্ত জারিকৃত সকল বিধি-বিধান সন্নিবেশিত হয়েছে। সরকারি ব্যয় ব্যবস্থাপনার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, আর্থিক শৃঙ্খলা রক্ষা, আর্থিক বিষয়ে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ, বিভিন্ন অডিট আপত্তি নিষ্পত্তি, নির্ভুলভাবে নতুন বিধি-বিধান প্রণয়ন ও সার্বিকভাবে আর্থিক বিধি-বিধানের ওপর দক্ষতা অর্জনে হ্যান্ডবুকটি একটি তথ্য ভাণ্ডার হিসেবে কার্যকর ভূমিকা রাখবে মর্মে আশা করছি।

আমি অত্যন্ত গর্বিত যে, সময়মত জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছানোসহ সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারে অর্থ বিভাগ অগ্রণী ভূমিকা পালন করছে। এ সংকলনটি অর্থ বিভাগসহ সকল সরকারি কর্মচারীগণকে বিদ্যমান আইন ও বিধি-বিধান সম্পর্কে সম্যক ধারণা প্রদান করবে। সরকারি অফিসে আর্থিক ব্যবস্থাপনা সহজীকরণ ও কর্ম পরিবেশ উন্নয়নেও হ্যান্ডবুকটি অনুঘটকের কাজ করবে বলে আমি বিশ্বাস করি।

আমি হ্যান্ডবুক সংকলন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব
অর্থ বিভাগ


# বাণী

অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আদেশ, প্রজ্ঞাপন, নীতিমালা, নির্দেশনা, অফিস স্মারক ইত্যাদি সংকলন করে একটি হ্যান্ডবুক প্রকাশ করা হচ্ছে জেনে আমি আনন্দিত।

সরকারি অর্থ ব্যবস্থাপনা, বিভিন্ন ধরনের আইন, বিধি-বিধান, প্রবিধান, আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন দ্বারা নিয়ন্ত্রিত যা সময়ে সময়ে জনকল্যাণে হালনাগাদ করা হয়ে থাকে। ২০১২ সালে প্রবিধি অনুবিভাগ কর্তৃক এ সংক্রান্ত একটি হ্যান্ডবুক ই-বুক আকারে প্রকাশিত হয়েছিল। ইতোমধ্যে বেশ কয়েক বছর অতিক্রান্ত হয়েছে এবং এ তথ্য ভান্ডারে যুক্ত হয়েছে আরও অনেক নতুন প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা, বিধি-প্রবিধি, পরিপত্র প্রভৃতি। উক্ত নতুন সংযোজনগুলোকে সংকলিত করে হ্যান্ডবুক প্রকাশের এ উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

সরকারি অর্থ ব্যয় ও ব্যবহারে শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে অর্থ বিভাগ মুখ্য ভূমিকা পালন করছে। আর্থিক আইন ও বিধি-বিধানসমূহের সংকলনটি সকল সরকারি কর্মচারীকে পেনশন, আনুতোষিক, ভবিষ্য তহবিল, ছুটি, সম্মানী/ভাতা, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা, বকেয়া প্রাপ্যতা, প্রমার্জন ও প্রেষণ সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধি-বিধান সম্পর্কে সম্যক ধারণা প্রদান করবে বলে প্রতীয়মান হয়। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, অর্থ বিভাগ কর্তৃক সংকলিত এই হ্যান্ডবুকের মাধ্যমে সংশ্লিষ্ট সকলেই আর্থিক বিধি-বিধান সম্পর্কে উপকৃত হবেন।

আমি প্রবিধি অনুবিভাগ কর্তৃক প্রণীত হ্যান্ডবুক হালনাগাদ ও সংকলনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতে এটি ধারাবাহিকভাবে হালনাগাদ করা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করছি।



(নাসরিন সুলতানা)
অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন, আইন ও রাষ্ট্রায়ত্ত)
অর্থ বিভাগ

# অবতরণিকা

অর্থ বিভাগের আওতাধীন প্রবিধি অনুবিভাগ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভিন্ন বিভাগ, সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন, আনুতোষিক, বিভিন্ন ভাতা, সম্মানী, চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতন নির্ধারণসহ অন্যান্য বিষয়ে সময়ে সময়ে বিভিন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়ন এবং আদেশ ও প্রজ্ঞাপন জারি করে থাকে। পাশাপাশি/সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা সংক্রান্ত আইন, বিধি, নীতিমালা প্রণয়নপূর্বক আদেশ প্রজ্ঞাপন জারি করা হয়। এ সকল আদেশ, প্রজ্ঞাপন এর মাধ্যমে ব্যবহারকারী/সুবিধাভোগীগণ সুস্পষ্ট ধারণা নিয়ে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করত: সিদ্ধান্ত গ্রহণে সমর্থ হবে এবং সরকারি অর্থের সুশৃঙ্খল ও সঠিক ব্যবহার নিশ্চিত করতে অবদান রাখবে।

অধিকন্তু এ সকল আদেশ এবং প্রজ্ঞাপনের কোন সংকলন না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত নিতে কালক্ষেপণ হয়। এ কারণে এ সকল আদেশ এবং প্রজ্ঞাপনের একটি সংকলন প্রস্তুতের প্রয়োজন অনুভূত হয়। প্রবিধি অনুবিভাগের সকল কর্মকর্তা এবং কর্মচারীগণের আন্তরিক ও একনিষ্ঠ প্রচেষ্টায় ০১/০১/২০১২ থেকে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত সময়ে জারিকৃত সকল আদেশ এবং প্রজ্ঞাপনের (স্বাক্ষরযুক্ত) কপি সংগ্রহ করে এই সংকলন প্রস্তুত করা হয়েছে।

সংকলন প্রস্তুতের ক্ষেত্রে মিজ সুলেখা রানী বসু, প্রাক্তন অতিরিক্ত সচিব (প্রবারা), অর্থ বিভাগ সকলকে অনুপ্রাণিত করেছেন। অতিরিক্ত সচিব (প্রবাআরা) জনাব নাসরিন সুলতানা, তাঁর মূল্যবান পরামর্শ প্রদান করেছেন যা সংকলনটির উৎকর্ষ সাধন করেছে। তাঁদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। সচিব মহোদয়ের দিক-নির্দেশনা ও সার্বক্ষণিক তদারকি এই সংকলনটি প্রকাশ ত্বরান্বিত ও সমৃদ্ধ করেছে। তাঁর প্রতি ও মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সকলের সহযোগিতায় এ সার্থক প্রয়াস নিঃসন্দেহে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন, আনুতোষিক, সম্মানী/ভাতা, চুক্তিভিত্তিক নিয়োগ নীতিমালা প্রণয়ন, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে দ্রুততার সাথে সিদ্ধান্ত গ্রহণে যেমন কার্যকর ভূমিকা রাখবে ঠিক তেমনি কোন বিষয়ে দ্বৈততা/অস্পষ্টতা নিরসন করে তা হালনাগাদ করার ক্ষেত্রেও অনুঘটক হিসেবে কাজ করবে।

দিলরুবা শাহীনা
অতিরিক্ত সচিব (প্রবিধি)
অর্থ বিভাগ

# উপক্রমণিকা

অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ হতে বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র, আদেশ, নির্দেশনা, প্রজ্ঞাপন, অফিস স্মারক, নীতিমালা ইত্যাদির একটি সংকলন ২০১২ সালে সর্বপ্রথম ই-বুক হিসেবে প্রকাশিত হয়। ২০১২ সালের পর থেকে প্রবিধি অনুবিভাগ হতে জারিকৃত সকল পরিপত্র, আদেশসহ তথ্যাদিসমেত একত্রে একটি হ্যান্ডবুক আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হ্যান্ডবুকটিতে পেনশন ও আনুতোষিক, ছুটি ও সাধারণ ভবিষ্য তহবিলের হার নির্ধারণ, সম্মানী ও ভাতা সংক্রান্ত ২০১২ হতে ২০২৪ সাল পর্যন্ত জারিকৃত সকল বিধি-বিধান সন্নিবেশিত হয়েছে।

হ্যান্ডবুকটি তিনটি অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে। তন্মধ্যে প্রথম অধ্যায়ে সরকারি কর্মচারীদের আনুতোষিক ও পেনশন, সর্বজনীন পেনশন স্কিম, ভবিষ্য তহবিল, কল্যাণ তহবিল ও যৌথবীমা, চাকরিতে পুনর্বহাল এবং বকেয়া প্রাপ্যতার বিষয়ে আর্থিক ও বিধিগত ব্যাখ্যা ও মতামত, নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য সকল প্রকার ছুটি বিষয়ক পরিপত্র/প্রজ্ঞাপন/আদেশ/অফিস স্মারকসমূহ সন্নিবেশিত হয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে কর্মরত কর্মকর্তা কর্মচারীগণের কঠোর শ্রমসাধ্য কাজের জন্য সম্মানী, পুরস্কার, ফি, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চুক্তিভিত্তিক নিয়োগ, পুনঃনিয়োগের ক্ষেত্রে বেতন ভাতাদি নির্ধারণ, সরকারি চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারীদের চাকরির আর্থিক বিধিবিধান সংক্রান্ত শর্তাবলি, সেমিনার/কর্মশালার হার নির্ধারণ, নিয়োগ পরীক্ষার ফি নির্ধারণ, প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ভাতা ও আনুষঙ্গিক ব্যয় নির্ধারণ, মন্ত্রণালয়/বিভাগে নিয়োজিত বেসরকারি প্যানেল আইনজীবীগণের ফি নির্ধারণ ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি সংক্রান্ত পরিপত্র/প্রজ্ঞাপন/আদেশ/অফিস স্মারকসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

তৃতীয় অধ্যায়ে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে কর্মরত কর্মকর্তা কর্মচারীগণের ভ্রমণভাতা/দৈনিক ভাতা, কার্যভার ভাতা, বিশেষ ভাতা, অধিকাল ভাতা, টিফিন ভাতা, পোষাক ভাতা, আপ্যায়ন ভাতা, ক্ষতিপূরণ ভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, পাহাড়ী ভাতাসহ বিভিন্ন ভাতার বিষয়ে আর্থিক ও বিধি-বিধানগত মতামত/ব্যাখ্যা, বেসামরিক সরকারি কর্মকর্তা কর্মচারীদের বিভিন্ন প্রকার ভাতার বকেয়া দাবি সংক্রান্ত পরিপত্র/প্রজ্ঞাপন/আদেশ/অফিস স্মারকসমূহ সংগৃহীত হয়েছে।

সকল সরকারি কর্মচারী বিশেষত অর্থ বিভাগের কর্মচারীগণের নিয়মিত কর্মসম্পাদনের জন্য এসব বিধি-বিধান সমন্বিতভাবে প্রয়োজন। সরকারি ব্যয় ব্যবস্থাপনার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, আর্থিক শৃঙ্খলা রক্ষা, আর্থিক বিষয়ে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ, বিভিন্ন অডিট আপত্তি নিষ্পত্তি, নির্ভুলভাবে নতুন বিধি-বিধান প্রণয়ন ও সার্বিকভাবে আর্থিক বিধি-বিধানের ওপর দক্ষতা অর্জনে হ্যান্ডবুকটি একটি তথ্য ভাণ্ডার হিসেবে কার্যকর ভূমিকা রাখবে।

# সূচিপত্র

## অধ্যায়-১: পেনশন ও আনুতোষিক


| অধ্যায়-১ | বিষয়: পেনশন ও আনুতোষিক | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১. পেনশন ও আনুতোষিক | | | | |
| ১.১.১ | অর্থ বিভাগের ১৬-০৪-১৯৫৯ তারিখের স্মারক সংশোধন অনুযায়ী আনুতোষিক জারি সংক্রান্ত | ৫৭ | ২৮-০৫-২০১২ | ০১ |
| ১.১.২ | পেনশন সুবিধার আওতাভুক্ত অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবারের জন্য সরকারি কর্মচারীদের আনুতোষিকের হার পুনঃনির্ধারণ | ১৬০ | ২৩-১২-২০১৩ | ০২-০৩ |
| ১.১.৩ | সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান এবং স্ব-শাসিত সংস্থাসমূহে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের উৎসব ভাতা প্রদান | ৪১ | ২৪-০৩-২০১৪ | ০৪-০৫ |
| ১.১.৪ | সরকারি কর্মচারীগণের অবসরকালীন সুবিধাদি/প্রাপ্যতা পুনঃনির্ধারণ | ৮১ | ১৪-১০-২০১৫ | ০৬-০৯ |
| ১.১.৫ | গ্রস পেনশনের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ | ০৬ | ২৮-০১-২০১৬ | ১০-১১ |
| ১.১.৬ | সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করে শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক এবং অবশিষ্ট ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন প্রদান | ০৬ | ০৯-০১-২০১৭ | ১২-১৩ |
| ১.১.৭ | শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুর পর তার বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত | ৭৪ | ০৩-০৮-২০১৭ | ১৪-১৫ |
| ১.১.৮ | সরকারি কর্মচারীদের পেনশন আবেদন দ্রুত নিষ্পত্তি সংক্রান্ত | ৩৯ | ২৯-০৩-২০১৮ | ১৬-১৭ |
| ১.১.৯ | শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের মাসিক পেনশন পুনঃস্থাপন সংক্রান্ত বিধানাবলি | ১১৮ | ০৮-১০-২০১৮ | ১৮-১৯ |
| ১.১.১০ | পুরুষ ও মহিলা বেসামরিক সরকারি কর্মচারীগণের মৃত্যুর পর তাদের পরিবারের পারিবারিক পেনশন প্রাপ্যতা সংক্রান্ত | ১৩৮ | ১৪-১১-২০১৮ | ২০-২১ |
| ১.১.১১ | ৫-২৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন প্রাপ্যতা সংক্রান্ত | ১৫০ | ১০-১২-২০১৮ | ২২-২৩ |
| ১.১.১২ | জাতীয় বেতন স্কেল, ২০১৫ জারির ফলে ৬৫ বছরের উর্ধ্ব বয়সী পেনশনারের পেনশন ও চিকিৎসা ভাতার হার নির্ধারণের বিষয়ে উদ্ভূত সমস্যা নিরসন | ৬০ | ৩০-০৫-২০১৯ | ২৪-২৫ |
| ১.১.১৩ | শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারী মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তার বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান (যদি থাকে) পুনঃস্থাপিত পেনশন, চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত | ৯৭ | ২৮-১০-২০১৯ | ২৬-২৭ |

| অধ্যায়-১ | বিষয়: পেনশন ও আনুতোষিক | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১.১.১৪ | অবসর-উত্তর ছুটি (পিআরএল)-কাল পেনশনযোগ্য চাকরি কিনা, অবসর উত্তর ছুটি কালে আর্থিক সুযোগ সুবিধা প্রাপ্যতা সংক্রান্ত | ২২ | ০২-০২-২০২১ | ২৮-২৯ |
| ১.১.১৫ | সরকারি কর্মচারীগণের পিআরএল-এ গমনের পর কতদিন পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ)-এর সুবিধা প্রাপ্যতা, চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মুনাফা প্রাপ্যতা ইত্যাদি বিষয়াদি স্পষ্টিকরণ | ২৭ | ১৬-০২-২০২১ | ৩০-৩১ |
| ১.১.১৬ | সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ | ২০২৩ সনের ০৪ নং আইন | ৩১-০১-২০২৩ | ৩২-৪২ |
| ১.১.১৭ | জাতীয় পেনশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা | ৭৮ | ০২-০৪-২০২৩ | ৪৩ |
| ১.১.১৮ | পেনশন পরিচালনা পর্ষদ গঠন সংক্রান্ত | ৫৪ | ১৮-০৫-২০২৩ | ৪৪-৪৫ |
| ১.১.১৯ | সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ | এস.আর.ও ২৫০-আইন/২০২৩ | ১৩-০৮-২০২৩ | ৪৬-৫৬ |
| ১.১.২০ | সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ (সংশোধিত) | এস.আর.ও ৪৮-আইন/২০২৪ | ১০-০৩-২০২৪ | ৫৭-৬৩ |
| ১.১.২১ | সকল স্ব-শাসিত, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের সর্বজনীন পেনশন ব্যবস্থার আওতাভুক্তকরণ | এস.আর.ও ৪৭-আইন/২০২৪ | ১০-০৩-২০২৪ | ৬৪ |
| ১.১.২২ | বিশ্ববিদ্যালয়, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং সরকারি কর্মচারীদের সর্বজনীন পেনশন ব্যবস্থায় অংশগ্রহণের বাধ্যবাধকতা বাতিল | ১৩৭ | ০৪/০৮/২০২৪ | ৬৫ |
| **২. ছুটি সংক্রান্ত** | | | | |
| ১.২.১ | Prescribed Leave Rules, 1959 এর Rule 3(1) (1A) সংশোধন | এস আর ও নং ৩৮৫-আইন/২০১৩ | ১৮-১২-২০১৩ | ৬৬ |
| ১.২.২ | মাতৃত্বকালীন ছুটি ০৬ (ছয়) মাস মঞ্জুর সংক্রান্ত Bangladesh Service Rules (Part-1) এর Rule 197 (1) সংশোধন | এস.আর.ও নং ৯৩-আইন ২০২১ | ১১-০৪-২০২১ | ৬৭ |
| **৩.সাধারণ ভবিষ্য তহবিলের হার নির্ধারণ** | | | | |
| ১.৩.১ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর সুদের হার সংক্রান্ত | ১৩০ | ০১-১০-২০১৩ | ৬৮ |
| ১.৩.২ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ১২৮ | ২৮-০৯-২০১৪ | ৬৯ |
| ১.৩.৩ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ৭৭ | ২২-০৯-২০১৫ | ৭০-৭১ |
| ১.৩.৪ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ৮৯ | ১৬-০৮-২০১৬ | ৭২ |
| ১.৩.৫ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ৯৭ | ১৯-০৯-২০১৭ | ৭৩ |

| অধ্যায়-১ | বিষয়: পেনশন ও আনুতোষিক | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১.৩.৬ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ১০৮ | ২৩-০৯-২০১৮ | ৭৪-৭৫ |
| ১.৩.৭ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার সংক্রান্ত | ৮৮ | ০৪-০৯-২০১৯ | ৭৬-৭৭ |
| ১.৩.৮ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার সংক্রান্ত | ৬১ | ১২-০৮-২০২০ | ৭৮-৭৯ |
| ১.৩.৯ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার সংক্রান্ত | ৯৫ | ২১-১০-২০২১ | ৮০-৮১ |
| ১.৩.১০ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার সংক্রান্ত | ৭৫ | ০৭-০৯-২০২২ | ৮২-৮৩ |
| ১.৩.১১ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার সংক্রান্ত | ১৪৬ | ৩০-০৮-২০২৩ | ৮৪-৮৫ |
| ১.৩.১২ | সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার সংক্রান্ত | ৩৩ | ২৯-০১-২০২৫ | ৮৬-৮৭ |
| **৪. সর্বজনীন পেনশন স্কিমে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে সম্পৃক্তকরণ** | | | | |
| ১.৪.১ | সর্বজনীন পেনশন স্কিমসমূহে অংশগ্রহণকারীগণের রেজিস্ট্রেশন কার্যক্রমে সহায়তাকারী হিসেবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের উদ্যোক্তাগণকে সম্পৃক্তকরণ | ১২৩ | ০৩/০৭/২০২৪ | ৮৮-৮৯ |

# অধ্যায়-২: সম্মানী

| অধ্যায়-২ | বিষয়: সম্মানী | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| **২. Emergency Return Passage সুবিধা** | | | | |
| ২.১ | বিদেশে বাংলাদেশ মিশনসমূহে কর্মরত বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের পাশাপাশি অন্যান্য বিসিএস ক্যাডার সদস্যদের Emergency Return Passage সুবিধা প্রদান | ২০ | ০৮/০৯/২০২২ | ৯৩-৯৪ |
| **২.১ কাউন্সিল সম্মানী** | | | | |
| ২.১.১ | প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে কর্মরত কাউন্সিল অফিসার ও সহায়ক কর্মচারীদের প্রণোদনা ভাতা প্রদান | ৫২ | ০৮/০৩/২০২০ | ৯৫ |
| **২.২ চুক্তিভিত্তিক নিয়োগ** | | | | |
| ২.২.১ | চুক্তিভিত্তিক নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন | ০৭ | ২৬/০১/২০১৬ | ৯৬-৯৭ |
| **২.৩ নিয়োগ বা পদোন্নতি** | | | | |
| ২.৩.১ | মন্ত্রণালয়/বিভাগ,অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক হার পুনঃনির্ধারণ | ৪৪ | ২৫/০৪/২০১৬ | ৯৮ |
| ২.৩.২ | মন্ত্রণালয়/বিভাগ,অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক হার পুনঃনির্ধারণ | ৩৪ | ০৭/০৩/২০১৯ | ৯৯ |
| ২.৩.৩ | মন্ত্রণালয়/বিভাগ,অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক হার পুনঃনির্ধারণ | ৩৮ | ১৩/০২/২০২২ | ১০০-১০১ |
| **২.৪ পরীক্ষার ফি নির্ধারণ** | | | | |
| ২.৪.১ | সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে জনবল নিয়োগের ক্ষেত্রে “পরীক্ষার ফি” পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন | ২৬২ | ২২/০৯/২০২২ | ১০২-১০৩ |
| ২.৪.২ | সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে জনবল নিয়োগের ক্ষেত্রে “পরীক্ষার ফি” পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন | ২৩৫(১) | ১৭/০৮/২০২৩ | ১০৪-১০৫ |
| ২.৪.৩ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক পরিচালিত বিসিএস ব্যতীত নন-ক্যাডার পদ এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্ব-শাসিত, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও বিভিন্ন কর্পোরেশনের বিভিন্ন গ্রেডভুক্ত পদের নিয়োগ ‘পরীক্ষা ফি’ পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন | ৩৬২ | ৩০/১২/২০২৪ | ১০৬-১০৭ |
| **২.৫ প্রশিক্ষণ ভাতা** | | | | |
| ২.৫.১ | বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তার সম্মানী এবং অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের দৈনিক ভাতার হার পুনঃনির্ধারণ | ২৬১ | ০৪/০৯/২০১৮ | ১০৮ |

| অধ্যায়-২ | বিষয়: সম্মানী | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| **২.৬ ওয়ার্কশপ/সেমিনার** | | | | |
| ২.৬.১ | সেমিনার/কর্মশালার খাতভিত্তিক সম্মানী হার নির্ধারণ | ১৮৮ | ০৭/০৬/২০১৮ | ১০৯ |
| ২.৬.২ | Zoom Platform/অনলাইন বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) আয়োজনের ক্ষেত্রে বক্তা সম্মানী, প্রশিক্ষণ ভাতা এবং অন্যান্য ব্যয় হারের প্রাপ্যতা নির্ধারণ | ১৯৪ | ০৯/০৮/২০২১ | ১১০ |
| ২.৬.৩ | Zoom Platform এ আয়োজিত সেমিনার/কর্মশালার খাতভিত্তিক সম্মানী হার নির্ধারণ | ২২৯ | ২৫/০৮/২০২১ | ১১১ |
| **২.৭ কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী** | | | | |
| ২.৭.১ | কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য প্রদেয় সম্মানীর হার নির্ধারণ | ১৮ | ০৮/০২/২০১৬ | ১১২ |
| ২.৭.২ | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর-এর কর্মচারীদের আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী মঞ্জুরি | ৭৭ | ২৮/০৩/২০১৮ | ১১৩ |
| **২.৮ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত পরিপত্র** | | | | |
| ২.৮.১ | সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সম্পর্কিত পরিপত্র সংশোধন | ২৩ | ২২/০২/২০১৬ | ১১৪ |

# অধ্যায়-৩: ভাতা

| অধ্যায়-৩ | বিষয়: ভাতা | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ৩. হাওড়/দ্বীপ/চর ভাতা | | | | |
| ৩.১ | ১৬টি উপজেলায় কর্মরত সরকারি কর্মচারীগণকে মাসিক হাওড়/দ্বীপ/চর ভাতা প্রদান | ৪৮ | ০৫/০৫/২০১৯ | ১১৭-১১৮ |
| ৩.২ | ১৬টি উপজেলায় কর্মরত স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মচারীগণকে মাসিক হাওড়/দ্বীপ/চর ভাতা প্রদান | ১১ | ২৬/০১/২০২২ | ১১৯-১২০ |
| ৩.১ বাংলা নববর্ষ ভাতা | | | | |
| ৩.১.১ | বাংলা নববর্ষ ভাতা প্রবর্তন | ৭৮ | ১৪/১০/২০১৫ | ১২১ |
| ৩.১.২ | ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণের জন্য বাংলা নববর্ষ ভাতা প্রবর্তন | ৪০ | ১৯/০৪/২০১৭ | ১২২-১২৩ |
| ৩.১.৩ | ইউপি গ্রামপুলিশগণকে (দফাদার ও মহল্লাদার) বাংলা নববর্ষ ভাতা প্রদান | ১১১ | ১৯/১১/২০২০ | ১২৪ |
| ৩.২ ঝুঁকি ভাতা | | | | |
| ৩.২.১ | পুলিশ বিভাগের এস আই/সার্জেন্ট/টিএসআই ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের মাসিক ঝুঁকি ভাতা প্রদান | ৮০ | ১৮/১০/২০১৫ | ১২৫-১২৬ |
| ৩.২.২ | ফায়ার সার্ভিসের শুধু অপারেশনাল কাজে নিয়োজিত উপসহকারী পরিচালক ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের মাসিক ঝুঁকি ভাতা প্রদান | ৮৩ | ১৮/১০/২০১৫ | ১২৭-১২৮ |
| ৩.২.৩ | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত সার্কেল এ্যাডজুটেন্ট/কোম্পানী কমান্ডার/ব্যাটালিয়ন কোয়ার্টার মাস্টার ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের মাসিক ঝুঁকি ভাতা প্রদান | ৮৪ | ১৮/১০/২০১৫ | ১২৯-১৩০ |
| ৩.২.৪ | কোস্ট গার্ড এ কর্মরত কর্মচারীদের মাসিক ঝুঁকি ভাতা প্রদান | ৮৫ | ১৮/১০/২০১৫ | ১৩১-১৩২ |
| ৩.২.৫ | কারাগারে কর্মরত ডেপুটি জেলার ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের ঝুঁকি ভাতা প্রদান | ৮৬ | ১৮/১০/২০১৫ | ১৩৩-১৩৪ |
| ৩.২.৬ | পুলিশ বাহিনীর এস আই /সার্জেন্ট/টিএসআই ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের চাকরির বয়সভিত্তিক মাসিক ঝুঁকি ভাতার হার নির্ধারণ | ৮২ | ২৩/০৮/২০১৭ | ১৩৫-১৩৬ |
| ৩.২.৭ | সুন্দরবন পূর্ব ও পশ্চিম বন বিভাগে কর্মরত কর্মচারীগণের জন্য ৩০% হারে ঝুঁকি ভাতা প্রদান | ১০২ | ২৩/১০/২০১৭ | ১৩৭-১৩৮ |
| ৩.২.৮ | দুর্নীতি দমন কমিশনের গ্রেড-১০ হতে তদনিম্ন পর্যায়ের কর্মচারীগণের জন্য চাকরির বয়স ও গ্রেডভিত্তিক মাসিক ঝুঁকিভাতা প্রদান | ৭৭ | ২০/০৮/২০১৮ | ১৩৯-১৪০ |
| ৩.২.৯ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অপারেশনাল কাজে নিয়োজিত উপসহকারী পরিচালক হতে ফায়ারম্যান/নার্সিং এ্যাটেনডেন্ট পর্যন্ত মাসিক ঝুঁকিভাতা প্রদান | ১২৪ | ২৯/১০/২০১৮ | ১৪১-১৪২ |

| অধ্যায়-৩ | বিষয়: ভাতা | পত্র নম্বর | তারিখ | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ৩.৩ টিএ ডিএ | | | | |
| ৩.৩.১ | বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মচারীদের জন্য দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারণ | ৭১ | ২৫/০৯/২০১৬ | ১৪৩-১৪৭ |
| ৩.৩.২ | ব্যয়বহুল স্থান হিসেবে কক্সবাজার শহর/পৌর এলাকায় বেসামরিক প্রশাসনে কর্মরত সরকারি কর্মচারীদের দৈনিক ভাতা নির্ধারণ | ২৩ | ২৪/০২/২০২০ | ১৪৮ |
| ৩.৩.৩ | বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মচারীদের জন্য দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারণ | ৭৮ | ১৪/০৭/২০২২ | ১৪৯-১৫১ |
| ৩.৩.৪ | দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলকরণ | ২৫ | ০১/০৩/২০২৩ | ১৫২-১৫৩ |
| ৩.৪ সীমান্ত ভাতা | | | | |
| ৩.৪.১ | বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর সুবেদার মেজর ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের মাসিক সীমান্ত ভাতা প্রদান | ৮২ | ১৮/১০/২০১৫ | ১৫৪-১৫৫ |
| ৩.৫ বিশেষ ভাতা | | | | |
| ৩.৫.১ | র‍্যাব এ কর্মরত কর্মচারীদের মাসিক বিশেষ ভাতা (র‍্যাব ভাতা) প্রদান | ৮১ | ১৮/১০/২০১৫ | ১৫৬-১৫৭ |
| ৩.৫.২ | পুলিশ বিভাগে কর্মরত পুলিশ ইন্সপেক্টরগণের জন্য ঝুঁকিভাতার পরিবর্তে বিশেষ ভাতা প্রদান | ১০৮ | ২৭/০৯/২০১৮ | ১৫৮-১৫৯ |
| ৩.৬ শিক্ষা সহায়ক ভাতা | | | | |
| ৩.৬.১ | সকল কর্মচারীর জন্য শিক্ষা সহায়ক ভাতা প্রদান | ৭৯ | ১৪/১০/২০১৫ | ১৬০ |
| ৩.৭ প্রেষণ ভাতা | | | | |
| ৩.৭.১ | সামরিক/বেসামরিক তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীগনের প্রেষণে কর্মকালীন প্রেষণ ভাতার প্রাপ্যতা | ২৩ | ১০/০২/২০১৪ | ১৬১ |
| ৩.৮ উৎসব ভাতা | | | | |
| ৩.৮.১ | সরকারি/আধা-সরকারি/রাষ্ট্রীয় মালিকানাধীন এবং স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহে নবনিযুক্ত কর্মচারীগণের উৎসব ভাতার প্রাপ্যতা | ৭৩ | ২৩/০৮/২০২১ | ১৬২ |
| ৩.৯ মোবাইল ফোন ও মোবাইল ইন্টারনেট প্রাপ্য ভাতা | | | | |
| ৩.৯.১ | মোবাইল ফোন ও মোবাইল ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন | ৫২ | ২৬/০৬/২০১৮ | ১৬৩ |
| ৩.৯.২ | ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা উত্তোলন | ৬২ | ২২/০৭/২০১৮ | ১৬৪ |
| ৩.১০ সাজ-পোশাকদের মূল্য পুনঃনির্ধারণ | | | | |
| ৩.১০.১ | সরকারি গাড়িচালক এবং কারিগরি কর্মচারীদের দাপ্তরিক সাজ-পোষাকের মূল্য পুনঃনির্ধারণ | ১৭২ | ০৫/১২/২০২৪ | ১৬৫-১৬৭ |

# অধ্যায়-১

# পেনশন ও আনুতোষিক

(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১২(অংশ-১)-৫৭

তারিখঃ ২৮/০৫/২০১২ খ্রিষ্টাব্দ
১৪/০২/১৪১৯ বঙ্গাব্দ

**অফিস স্মারক**

সরকার অর্থ বিভাগের ১৬ এপ্রিল, ১৯৫৯ তারিখের MEMORANDUM No.2566 (40)-F, Dacca, এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত MEMORANDUM এর Section 1 এ উল্লিখিত Gratuity শীর্ষক অংশের-

(ক) para 3 এর sub-para (2) এর পর নিম্নরূপ নূতন sub-para (3) সংযোজিত হইবে, যথা ঃ-

"(3) When the Government servant leaves no surviving relatives as mentioned in clauses (a) to (d) of sub-para (2), the amount of gratuity shall be payable to the following relatives, if any, of the Government servant in equal shares, namely :

(a) Full brothers; and
(b) Full sisters." ;

(খ) para 4 এর পরিবর্তে নিম্নরূপ para 4 প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"4. No gratuity will be payable by Government after the death of a Government servant if he/she does not leave a family as defined in para 2(1) above or an eligible dependent relative or relatives specified in sub-para (2) or (3) of para 3 above."।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২৮.৫.২০১২

(মোঃ ইমদাদুল হক)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫৬২৯৩১

উপ-নিয়ন্ত্রক
মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও,ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১২(অংশ-১)-৫৭/১(২৬৪)

তারিখঃ ২৮/০৫/২০১২ খ্রিষ্টাব্দ
১৪/০২/১৪১৯ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৪। সিনিয়র সচিব ..........................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
০৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৬। সচিব/ভারপ্রাপ্ত সচিব..........................................................................................সকল মন্ত্রণালয়/বিভাগ। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৭। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৯। বিভাগীয় কমিশনার............................(সকল)।
১০। জেলা প্রশাসক........................ (সকল)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আবদুল গণি রোড, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১২। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা..........................................................................(সকল)।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..........................................................................(সকল)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

২৮.৫.২০১২
(এ.এফ.আমিন চৌধুরী)
যুগ্ম-সচিব (প্রবিধি)
ফোনঃ ৯৫৬৭৯০৩

F: Rate Pension Gratuity.doc

(২)

**(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩-১৬০

তারিখঃ ২৩-১২-২০১৩ খ্রিষ্টাব্দ / ০৯-০৯-১৪২০ বঙ্গাব্দ

**প্রজ্ঞাপন**

পেনশন সুবিধার আওতাভুক্ত অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবারের জন্য বিধি মোতাবেক প্রাপ্য আনুতোষিকের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো ঃ

(ক) **বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) আনুতোষিকঃ** অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবার বিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) অর্ধেক (৫০%) গ্রস পেনশনের প্রতি ১(এক) টাকার বিপরীতে নিম্নোক্ত ছকের ৪নং কলামে বর্ণিত হারে আনুতোষিক প্রাপ্য হবেনঃ

| ক্রমিক নং | পেনশনযোগ্য চাকরিকাল | আনুতোষিকের হার (টাকায়) | |
|---|---|---|---|
| | | বিদ্যমান | পুনঃনির্ধারিত |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ১০ বছর বা ততোধিক কিন্তু ১৫ বছরের কম | ২৩০ টাকা | ২৬০ টাকা |
| ২ | ১৫ বছর বা ততোধিক কিন্তু ২০ বছরের কম | ২১৫ টাকা | ২৪৫ টাকা |
| ৩ | ২০ বছর বা ততোধিক | ২০০ টাকা | ২৩০ টাকা |

(খ) **স্বেচ্ছায় সমর্পিত (Surrendered) অবশিষ্ট আনুতোষিক ঃ** গ্রস পেনশনের অবশিষ্ট অর্ধেক (৫০%) একসাথে সমর্পণকারী অবসরভোগীগণ কলাম-৪ এ বর্ণিত হারের অর্ধেক হারে আনুতোষিক প্রাপ্য হবেন।

০২। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধি-বিধান, আদেশ, স্মারক ইত্যাদি উপরোক্ত মর্মে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১-১২-২০১৩ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত
তাং- ২৩.১২.২০১৩ খ্রি.
(এ.এফ. আমিন চৌধুরী)
যুগ্ম-সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

চলমান পাতা/২

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩-১৬০/১(২০০)

তারিখঃ ২৩-১২-২০১৩ খ্রিষ্টাব্দ
০৯-০৯-১৪২০ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। সিনিয়র সচিব,.........................................................................মন্ত্রণালয়/বিভাগ(সকল) ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

৪। সচিব/ভারপ্রাপ্ত সচিব,.................................................................মন্ত্রণালয়/বিভাগ(সকল) ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

৬। বিভাগীয় কমিশনার,..................................................................... (সকল) ।

৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,....................................... (সকল) ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.........................................................................(সকল)।

(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০১৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

তারিখঃ ২৪.০৩.২০১৪ খ্রিষ্টাব্দ / ১০.১২.১৪২০ বঙ্গাব্দ

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৪১

অফিস স্মারক

বিষয় ঃ সরকারী, আধা-সরকারী, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান এবং স্ব-শাসিত সংস্থাসমূহে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের উৎসব ভাতা প্রদান।

সূত্র ঃ অর্থ বিভাগের ২৪/৬/২০০৮ খ্রিঃ তারিখের অম/অবি/বিধি-১/চাঃ বিঃ-৩/২০০৪/৯৯ সংখ্যক পরিপত্র।

সকল শ্রেণীর সরকারী, আধা-সরকারী, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান এবং স্ব-শাসিত সংস্থাসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ও পারিবারিক পেনশনভোগীদের মাসিক নীট পেনশনের সমপরিমান বছরে দুইটি উৎসব ভাতা প্রদানের বিধান রয়েছে। ১০০% পেনশন সমর্পণকারীগণ ১০০% পেনশন সমর্পন না করলে যে পরিমান মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমান অর্থ প্রতি বছরে দুইবার উৎসব ভাতা হিসাবে প্রাপ্যতা সম্পর্কে সূত্রস্থ পরিপত্রে উল্লেখ রয়েছে।

২। বিষয়টি আরও স্পষ্টীকরণের লক্ষ্যে উল্লেখ করা যাচ্ছে যে, ১০০% পেনশন সমর্পণকারীগণ ১০০% পেনশন সমর্পন না করলে যে পরিমান মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন উক্ত পরিমান অর্থ প্রতি বছরে দুইবার উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

৩। এ সম্পর্কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ স্মারকের কার্যকারিতা বহাল থাকবে।

স্বাক্ষরিত/-
(এ.এফ.আমিন চৌধুরী)
যুগ্ম- সচিব (প্রবিধি)

তারিখঃ ২৪.০৩.২০১৪ খ্রিষ্টাব্দ / ১০.১২.১৪২০ বঙ্গাব্দ

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৪১/১(২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

-অপর পাতা-১/

৪। সিনিয়র সচিব/ সচিব,..........................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৬। বিভাগীয় কমিশনার,.......................................................... (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক ..........................................................বিভাগ (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,..........................................................(সকল)।

সদয় অবগতির জন্য ঃ

১১। অতিরিক্ত সচিব,.......................................................... অর্থ বিভাগ (সকল)।
১২। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অর্থ সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। গার্ড ফাইল।

২৪. ৬.২০১৪

(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোন- ৯৫৪০১৮১

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-১ শাখা**

## প্রজ্ঞাপন

তারিখ: ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১—সরকারি কর্মচারীগণের অবসরকালীন সুবিধাদি/প্রাপ্যতা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে :

(ক) **পেনশনযোগ্য চাকরিকাল এবং পেনশনের পরিমাণ :**

পেনশনযোগ্য চাকরিকাল বর্তমানে প্রচলিত ১০–২৫ বছর-এর স্থলে ৫–২৫ বছর এবং পেনশনের হার সর্বশেষ আহরিত বেতনের ৮০%-এর স্থলে ৯০% -এ উন্নীত করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের ০৪-১১-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(বিধি-১) ৩পি-২৮/৮৫/১০৬ সংখ্যক স্মারক পত্রের ক্রমধারায় পেনশনের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

### পেনশন টেবিল

| পেনশনযোগ্য চাকরিকাল | বিদ্যমান পেনশনের পরিমাণ | পুনঃনির্ধারিত পেনশনের পরিমাণ |
|---|---|---|
| ৫ বছর | - | ২১% |
| ৬ বছর | - | ২৪% |
| ৭ বছর | - | ২৭% |
| ৮ বছর | - | ৩০% |


মূল্য : টাকা ৮.০০

| পেনশনযোগ্য চাকরিকাল | বিদ্যমান পেনশনের পরিমাণ | পুনঃনির্ধারিত পেনশনের পরিমাণ |
|---|---|---|
| ৯ বছর | - | ৩৩% |
| ১০ বছর | ৩২% | ৩৬% |
| ১১ বছর | ৩৫% | ৩৯% |
| ১২ বছর | ৩৮% | ৪৩% |
| ১৩ বছর | ৪২% | ৪৭% |
| ১৪ বছর | ৪৫% | ৫১% |
| ১৫ বছর | ৪৮% | ৫৪% |
| ১৬ বছর | ৫১% | ৫৭% |
| ১৭ বছর | ৫৪% | ৬৩% |
| ১৮ বছর | ৫৮% | ৬৫ % |
| ১৯ বছর | ৬১% | ৬৯ % |
| ২০ বছর | ৬৪ % | ৭২% |
| ২১ বছর | ৬৭ % | ৭৫% |
| ২২ বছর | ৭০ % | ৭৯% |
| ২৩ বছর | ৭৪% | ৮৩% |
| ২৪ বছর | ৭৭% | ৮৭% |
| ২৫ বছর এবং তদূর্ধ্ব | ৮০% | ৯০% |

ব্যাখ্যা : ৫—২৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন কেবল নিম্নোক্ত ক্ষেত্রে প্রাপ্য হবেন :

(১) একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করলে কিংবা সরকার কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে ; এবং

(২) স্থায়ী পদ বিলুপ্তির কারণে চাকরি থেকে ছাঁটাইয়ের ক্ষেত্রে।

**(খ) অবসর ভোগীদের পেনশন বৃদ্ধি ও সর্বনিম্ন পেনশন নির্ধারণ :**

২০১৫-২০১৬ অর্থ বছর হতে অবসর ভোগীদের পেনশন নিম্নোক্ত হারে বৃদ্ধি করা হলো :

| অবসর ভোগীর বয়স | পেনশন বৃদ্ধির পরিমাণ | মন্তব্য/ব্যাখ্যা |
|---|---|---|
| (ক) ৬৫ বছরের কম | ৪০% | একজন পেনশনারের মাসিক পেনশনের পরিমাণ যাই হোক না কেন ০১-০৭-২০১৫ খ্রিঃ তারিখ হতে তিনি সর্বনিম্ন ৩,০০০ (তিন হাজার) টাকা পেনশন প্রাপ্য হবেন। |
| (খ) ৬৫ বছর ও তদূর্ধ্ব | ৫০% | |
| (গ) সর্বনিম্ন পেনশন | মাসিক ৩,০০০ টাকা | |

(গ) **আনুতোষিকের হার পুনঃনির্ধারণ ঃ**

পেনশনযোগ্য চাকরিকাল সর্বনিম্ন ১০ বছর থেকে ০৫ বছরে কমিয়ে আনার পরিপ্রেক্ষিতে পূর্ণ পেনশনের ক্ষেত্রে আনুতোষিকের হার বাধ্যতামূলক সমর্পিত প্রতি ১(এক) টাকার বিপরীতে ২৩০ টাকা অপরিবর্তিত রেখে অর্থ বিভাগের ২৩-১২-২০১৩ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩.১৬০ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমধারায় আনুতোষিকের হার নিম্নরূপ পুনঃনির্ধারণ করা হলো :

**আনুতোষিক টেবিল**

| ক্রমিক নং | পেনশনযোগ্য চাকরিকাল | বিদ্যমান আনুতোষিকের হার (প্রতি টাকার বিপরীতে) | সংশোধিত আনুতোষিকের হার (প্রতি টাকার বিপরীতে) | মন্তব্য/ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ৫ বছর বা ততোধিক কিন্তু ১০ বছরের কম | --- | ২৬৫/- | ৫–৯ বছর চাকরিকাল পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে নতুন সংযোজন করা হয়েছে। |
| ২. | ১০ বছর বা ততোধিক কিন্তু ১৫ বছরের কম | ২৬০/- | অপরিবর্তিত | |
| ৩. | ১৫ বছর বা ততোধিক কিন্তু ২০ বছরের কম | ২৪৫/- | অপরিবর্তিত | |
| ৪. | ২০ বছর বা ততোধিক | ২৩০/- | অপরিবর্তিত | |

(ঘ) **চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়া অথবা চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে মৃত্যুবরণকারী কর্মচারীকে/পরিবারকে এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রদান :**

একজন সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি তিনি স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়েন, অথবা তাঁর মৃত্যু হয়, সে ক্ষেত্রে বর্তমানে প্রচলিত ১৫,০০০ টাকা এককালীন আর্থিক সুবিধা প্রদানের স্থলে অর্থ মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ১৯৭৭ তারিখের এম.এফ.(আই.ডি)-১-২/৭৭/৮৫৬ সংখ্যক অফিস স্মারকের ক্রমধারায় চাকরির মেয়াদের প্রতি বছর কিংবা তার অংশ বিশেষের জন্য তাঁর শেষ আহরিত ৩(তিন)টি মূল বেতনের সমপরিমাণ হারে তিনি অথবা তাঁর পরিবার এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্য হবেন ;

(ঙ) **পেনশনারের বিধবা স্ত্রীর আজীবন পেনশন প্রাপ্যতার শর্ত শিথিলকরণ :**

বর্তমানে প্রচলিত বিধান মতে মৃত কর্মচারীর বিধবা স্ত্রী আজীবন পারিবারিক পেনশন পেয়ে থাকেন। বিধবা স্ত্রীর পুনঃবিবাহ না করার অংগীকার-নামা বা প্রত্যয়নপত্র দাখিলের শর্ত ৫০ বছরের উর্ধ্ব বয়সী বিধবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না ;

(চ) **মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামীর পারিবারিক পেনশন প্রাপ্যতা :**

পারিবারিক পেনশনের ক্ষেত্রে একজন মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হলে, বিধবা স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতার অনুরূপ হারে ও পদ্ধতিতে মৃত মহিলা বেসামরিক সরকারি কর্মচারীর বিপত্নীক স্বামী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন। তবে প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক বিপত্নীক স্বামী সর্বাধিক ১৫(পনের) বৎসর পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হবেন ; এবং

(ছ) **ছুটি নগদায়ন :**

অবসরকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১২(বার) মাসের ছুটি নগদায়নের বিধান পরিবর্তন করে ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮(আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। অবসর-উত্তর ছুটি (PRL) এবং ছুটি নগদায়নের ক্ষেত্রে ০২ (দুই) দিনের অর্ধগড় বেতনের ছুটিকে ০১ (এক) দিনের গড় বেতনে ছুটিতে রূপান্তর (Conversion) করা যাবে। অবসরকালীন মূলবেতনের ভিত্তিতে উক্ত নগদায়ন সুবিধা অবসর-উত্তর ছুটির শুরুতে প্রাপ্য। অবসর-উত্তর ছুটি ভোগ না করলেও এ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

৩। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধান, আদেশ, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি উপর্যুক্ত মর্মে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ০১-৭-২০১৫ খ্রিঃ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে। উক্ত তারিখে পি.আর.এল ভোগরত কর্মচারীগণও উক্ত পুনঃনির্ধারিত সুবিধাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আলী খান**, এনডিসি
অতিরিক্ত সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১
www.mof.gov.bd

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৪-০৬

তারিখঃ ২৮-০১-২০১৬ খ্রিস্টাব্দ
১৫-১০-১৪২২ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ প্রবর্তনের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের অফিস স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৪-২৯, তারিখ ০৬-০৩-২০১৪ খ্রি. এর আংশিক সংশোধনপূর্বক গ্রস পেনশনের সর্বোচ্চ পরিমাণ ৪০,৫০০/- টাকার স্থলে ৭০,২০০/-(সত্তর হাজার দুইশত) টাকা নির্ধারণে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ আদেশ ০১-০৭-২০১৫ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

৩। এ প্রজ্ঞাপনে যে সংশোধনের উল্লেখ করা হয়েছে সংশ্লিষ্ট বিধি অনুরূপভাবে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( মোঃ শাহজাহান )
যুগ্ম সচিব
(পরিচিতি নং-৪১৪৪)
ফোনঃ ৯৫৪৫১৭৪
Email:shahjahanmail@ yahoo.com

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৪-০৬/১(২০০)

তারিখঃ ২৮-০১-২০১৬ খ্রিস্টাব্দ
১৫-১০-১৪২২ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব........................................সকল মন্ত্রণালয়/বিভাগ
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৬। বিভাগীয় কমিশনার..........................................................(সকল)
- তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক ........................................সকল বিভাগ
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা..........................................................(সকল)।

১১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।

১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইটি সেল, অর্থ বিভাগ ---- প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য ঃ

১৩। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত সচিব -এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ....................................(সকল)।
১৭। গার্ড ফাইল।

২৮.৩.২০১৬

(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১৮১

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি শাখা-১

www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬

তারিখ: ০৯-০১-২০১৭ খ্রিস্টাব্দ / ২৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

সরকার পেনশনারগণের (বেসামরিক/সামরিক) আর্থিক এবং সামাজিক সুরক্ষা নিশ্চিত করার স্বার্থে নিম্নরূপ বিধান প্রবর্তন করিলঃ

(ক) সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করিয়া শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন করা হইল। এই বিধান ০১ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

[ব্যাখ্যাঃ ৩০ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ বা তাহার পর যাহাদের অবসর-উত্তর ছুটি শেষ হইবে তাহারা এই সুবিধার আওতায় আসিবেন]।

(খ) পেনশনারগণ/পারিবারিক পেনশনারগণ মাসিক পেনশনের উপর ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন যাহা ০১লা জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

২। অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ বিষয়ক স্মারক নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখঃ ০১-০৬-১৯৯৪ খ্রিঃ এর 'পেনশন সমর্পণ' সংক্রান্ত ২.১৩ নং অনুচ্ছেদটি ০১-০৭-২০১৭ খ্রিঃ তারিখ হইতে বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪-১২-২০০৩ খ্রিঃ তারিখে জারীকৃত সশস্ত্র বাহিনীর সদস্যদের শতভাগ পেনশন কম্যুটেশন সুবিধা প্রদান সংক্রান্ত প্রম/ডি-১৯/১পেন-৩/৯৭/অংশ-২/৩০৫ নং স্মারকটি এই প্রজ্ঞাপনের আলোকে সংশোধন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত
(মোঃ মনির উদ্দিন)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫৭৬৫৫৪

চলমান পাতা-২

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬

০৯-০১-২০১৭ খ্রিস্টাব্দ
তারিখ:
২৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------------ সকল মন্ত্রণালয়/বিভাগ।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। বিভাগীয় কমিশনার------------------------------------------------------------------ (সকল)।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক---------------------------------------------------------------- সকল বিভাগ।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ---------------------------------------------------------- (সকল)।
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।-বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ--------- প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য:

১৩। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ---------------------------------- (সকল)।
১৭। গার্ড ফাইল।

০৯.০১.২০১৭
(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১৮১

F:\2015\Circular.doc67

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

(63)

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪

তারিখঃ ০৩.০৮.২০১৭ খ্রিস্টাব্দ / ১৯.০৪.১৪২৪ বঙ্গাব্দ

# প্রজ্ঞাপন

**বিষয় ঃ শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।**

২১। **সর্বজনীন পেনশন বিতরণ পরিকাঠামো।**—কর্তৃপক্ষ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার প্রক্রিয়ায় মাসিক পেনশন পেনশনারের নিকট নির্দিষ্ট সময়ে পৌছানো নিশ্চিত করিবে এবং এতদুদ্দেশ্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষের আওতাধীন একটি কেন্দ্রীভূত ও স্বয়ংক্রিয় পেনশন বিতরণ পরিকাঠামো গঠন করা হইবে।

২২। **সর্বজনীন পেনশন তহবিল ব্যবস্থাপনা কমিটি।**—(১) জাতীয় পেনশন কর্তৃপক্ষের একজন সদস্যকে সভাপতি এবং উক্ত বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের সদস্য করিয়া পেনশন তহবিল ব্যবস্থাপনার জন্য একটি কমিটি থাকিবে।

(২) কমিটির কাঠামো এবং কার্যপরিধি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২৩। **সর্বজনীন পেনশনের ক্ষেত্রে প্রযোজ্য আইন।**—কর্তৃপক্ষ কর্তৃক সর্বজনীন পেনশনের অর্থ বা অ্যানুইটি বাবদ প্রদেয় অর্থ পরিশোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তির অধিকার এই আইনের অধীনে নির্ধারিত হইবে এবং উক্তরূপ বিষয়ে বাংলাদেশের আইন বা আইনসমূহ প্রযোজ্য হইবে।

২৪। **কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন**।—(১) কর্তৃপক্ষ ইহার অর্থ-বৎসর সমাপ্তির অনধিক তিন মাসের মধ্যে সরকারের নিকট তৎকর্তৃক পূর্ববর্তী অর্থ বৎসরে সম্পাদিত কার্যাবলি সম্পর্কে একটি বার্ষিক প্রতিবেদন দাখিল করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) কর্তৃপক্ষের কর্মকাণ্ডের সার্বিক পর্যলোচনা;

(খ) সর্বজনীন পেনশন তহবিলের স্থিতি, বিনিয়োগ এবং প্রাসঙ্গিক তথ্যসমূহ;

(গ) কর্তৃপক্ষের যেসকল লক্ষ্য অর্জিত হইয়াছে উহার বিবরণ; এবং

(ঘ) কর্তৃপক্ষের যেসকল লক্ষ্য অর্জিত হয় নাই কারণসহ উহার সংক্ষিপ্ত বিবরণ।

২৫। **বার্ষিক বাজেট বিবরণী**।—কর্তৃপক্ষ প্রতি অর্থ-বৎসর শুরুর অন্যূন তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ-বৎসরে কর্তৃপক্ষের পরিচালন ব্যয় নির্বাহের জন্য সরকারের নিকট হইতে যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

**ব্যাখ্যা**।—এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, অর্থ-বৎসর অর্থ জুলাই মাসের প্রথম দিবসে যে বৎসরের শুরু এবং পরবর্তী বৎসরের ৩০ জুন যাহা শেষ হয়।

২৬। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।—(১) কর্তৃপক্ষ, নির্ধারিত পদ্ধতিতে, উহার হিসাব রক্ষণ এবং হিসাববিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, প্রতি বৎসর কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করিবেন এবং বিদ্যমান আইন অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদনের উপর কোনো আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পত্তির জন্য কর্তৃপক্ষ অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিলাদি, বার্ষিক ব্যালেন্স শিট, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ জামানত, ভাণ্ডার বা অন্যবিধ সম্পত্তি ইত্যাদি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং নির্বাহী চেয়ারম্যান, সদস্য বা কর্তৃপক্ষের যে-কোনো কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২৭। **সরকারের নিকট রিপোর্ট, ইত্যাদি দাখিল**।—কর্তৃপক্ষ সরকার কর্তৃক নির্দিষ্টকৃত ও প্রদত্ত কোনো ফরমে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা-সংক্রান্ত রিপোর্ট, রিটার্ন, বিবরণী ও অন্যান্য তথ্য সরকারের চাহিদামতে ও সময়ে দাখিল করিবে।

২৮। **সরকারি কর্মচারী**।—কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান বা সদস্য বা কর্তৃপক্ষের কর্মকর্তা বা কর্মচারীগণ এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধান অনুযায়ী কার্য করিবার সময়, তাহার পক্ষে বা তাহার বিরুদ্ধে মামলা দায়েরের ক্ষেত্রে Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর section 21 এর সংজ্ঞা অনুযায়ী সরকারি কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

২৯। **বিধি প্রণয়নের ক্ষমতা**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আদেশ প্রদান করিতে পারিবে।

৩০। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা**।—কর্তৃপক্ষ, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৩১। **জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা**।—কর্তৃপক্ষের ক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে এই আইনের বিধানে অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া সরকারি গেজেটে আদেশ দ্বারা, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করিয়া কর্তৃপক্ষের করণীয় বিষয়ে দিকনির্দেশনা প্রদান করিতে পারিবে।

৩২। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) এই আইনের বাংলা পাঠ এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ/০২ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৭৮-আইন/২০২৩।**—সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় পেনশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিল।

২। অর্থ বিভাগ কর্তৃক ২৯ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ১২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.২৩-১৬ মূলে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

(৪০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.৩১.০০৩.২২-৫৪

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ১৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩' এর ১০ ধারার বিধান অনুযায়ী নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে 'পেনশন পরিচালনা পর্ষদ' গঠন করা হলো:-

| | |
|---|---|
| (ক) অর্থমন্ত্রী | চেয়ারম্যান |
| (খ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (গ) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (ঘ) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (ঙ) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (চ) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (ছ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (জ) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (ঝ) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (ঞ) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| (ট) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (ঠ) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | সদস্য |
| (ড) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) | সদস্য |
| (ঢ) সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন | সদস্য |
| (ণ) সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউসিসিআই) | সদস্য |
| (ত) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ | সদস্য সচিব |

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৮/০৫/২০২৩

(মোছা: নারগিস মুরশিদা)
উপসচিব
ফোন: ৫৫১০০১৮৩

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.৩১.০০৩.২২-৫৪

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ১৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

-২-

৪। সিনিয়র সচিব/সচিব ---------------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৭। বিভাগীয় কমিশনার----------------------------------------------------------------------------------- (সকল)।

৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক--------------------------------------------------------------------------- (সকল)।

১০। উপ পরিচালক,বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের এবং প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা------------------------------------------------------------------------ (সকল)।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, FSMU, অর্থ বিভাগ---------------------প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ-------------------------------------- (সকল)।

১৮/০৫/২০২৫

(মোছা: নারগিস মুরশিদা)
উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং ২৫০-আইন/২০২৩।**—সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এর ধারা ২৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম এবং প্রবর্তন।**—(১) এই বিধিমালা সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন);

(খ) **"কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) **"কর্পাস হিসাব"** অর্থ চাঁদাদাতা কর্তৃক স্কিমে জমাকৃত অর্থের হিসাব;

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) **"স্কিম"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬) এর উদ্দেশ্যপূরণকল্পে, বিধি ৩ এ উল্লিখিত কোনো স্কিম।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **স্কিমসমূহ।**—(১) বিধি ৪ এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি নিম্নবর্ণিত কোনো স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন, যথা:—

(ক) **প্রবাস স্কিম (প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের জন্য)**: বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোনো বাংলাদেশি নাগরিক তফসিলে বর্ণিত চাঁদার সমপরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এবং তিনি দেশে প্রত্যাবর্তনের পর সমপরিমাণ অর্থ দেশীয় মুদ্রায় পরিশোধ করিতে পারিবেন এবং, প্রয়োজনে, স্কিম পরিবর্তন করিতে পারিবেন, তবে, পেনশন স্কিমের মেয়াদ পূর্তিতে পেনশনার দেশীয় মুদ্রায় পেনশন প্রাপ্য হইবেন;

(খ) **প্রগতি স্কিম (বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারীগণের জন্য)**: বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোনো কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এবং বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ হইতে উহার কর্মচারীগণের জন্য এই স্কিমে অংশগ্রহণের ক্ষেত্রে স্কিমের চাঁদার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) কর্মচারী এবং অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) প্রতিষ্ঠান প্রদান করিবে; এবং কোনো বেসরকারি প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিকভাবে এই স্কিমে অংশগ্রহণ না করিলে, উক্ত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোনো কর্মচারী নিজ উদ্যোগে এককভাবে এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন;

(গ) **সুরক্ষা স্কিম (স্বকর্মে নিয়োজিত নাগরিকগণের জন্য)**: অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তিগণ যেমন- কৃষক, রিক্সাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ইত্যাদি তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এবং

(ঘ) **সমতা স্কিম (স্বকর্মে নিয়োজিত স্বল্প আয়ের নাগরিকগণের জন্য অংশ প্রদায়ক পেনশন)**: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক, সময় সময়, প্রকাশিত আয় সীমার ভিত্তিতে দারিদ্র্য সীমার নিম্নে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ [যাহাদের বর্তমান আয় সীমা বাৎসরিক অনূর্ধ্ব ৬০(ষাট) হাজার টাকা] তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এবং সমতা স্কিমে কর্তৃপক্ষ বিধি ৯ অনুসারে সমপরিমাণ অর্থ জমা করিবে।

(২) তফসিল অনুযায়ী প্রতিটি স্কিমের বিপরীতে বর্ণিত পরিমাণ চাঁদা প্রদান সাপেক্ষে উল্লিখিত হারে মাসিক পেনশনের (সম্ভাব্য) প্রাপ্যতা অর্জিত হইবে।

৪। **স্কিমে অংশগ্রহণের যোগ্যতা ও নিবন্ধন।**—(১) ১৮ (আঠারো) বৎসর বা তদূর্ধ্ব বয়স হইতে ৫০ (পঞ্চাশ) বৎসর বয়সী জাতীয় পরিচয়পত্রধারী সকল বাংলাদেশি নাগরিক তাহাদের জন্য প্রযোজ্য কোনো স্কিমে অংশগ্রহণের জন্য নিবন্ধন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, বিশেষ বিবেচনায় ৫০ (পঞ্চাশ) বৎসর ঊর্ধ্ব বয়সের নাগরিকগণও স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন এবং সেইক্ষেত্রে স্কিমে অংশগ্রহণের তারিখ হইতে নিরবচ্ছিন্ন ১০ (দশ) বৎসর চাঁদা প্রদান শেষে তিনি যে বয়সে উপনীত হইবেন সেই বয়স হইতে আজীবন পেনশন প্রাপ্য হইবেন।

(২) প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ যাহাদের জাতীয় পরিচয়পত্র নাই, তাহারা তাহাদের জন্য প্রযোজ্য স্কিমে পাসপোর্টের ভিত্তিতে নিবন্ধন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে জাতীয় পরিচয়পত্র গ্রহণ করিয়া তাহার অনুলিপি কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, নিয়মিতভাবে পাসপোর্ট নবায়ন বা পুনঃইস্যুর ক্ষেত্রে নবায়নকৃত বা পুনঃইস্যুকৃত পাসপোর্টের অনুলিপি কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় থাকা ব্যক্তিগণ তাহাদের জন্য প্রযোজ্য স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, স্কিমে অংশগ্রহণ করিবার পূর্বে সংশ্লিষ্ট সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধা সমর্পণ করিতে হইবে।

(৪) কোনো স্কিমে নিবন্ধনের জন্য দেশে এবং প্রবাসে অবস্থানরত বাংলাদেশি নাগরিকগণকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরম অনলাইনে পূরণ করিয়া আবেদন করিতে হইবে যাহার বিপরীতে আবেদনকারীর অনুকূলে একটি ইউনিক আইডি নম্বর প্রদান করা হইবে।

(৫) আবেদনে উল্লিখিত আবেদনকারীর মোবাইল নম্বরে এবং অনিবাসী আবেদনকারীর ক্ষেত্রে স্বয়ংক্রিয় ই-মেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, চাঁদার হার এবং মাসিক চাঁদা প্রদানের তারিখ অবহিত করা হইবে।

৫। **মাসিক চাঁদা প্রদান।**—(১) যে কোনো স্কিমে নিবন্ধিত হইলে কর্তৃপক্ষ কর্তৃক উক্ত স্কিমের জন্য ধার্যকৃত হারে নিয়মিত চাঁদা প্রদান করিতে হইবে।

(২) নিবন্ধনের পর আবেদনকারী বিধি ৪ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত তারিখের মধ্যে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, Online banking, credit card বা debit card এর মাধ্যমে বা তফসিলি ব্যাংকের কোনো শাখায় OTC (Over the Counter) পদ্ধতিতে কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে মাসিক চাঁদা জমা করিবেন।

(৩) প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ credit card বা debit card এর মাধ্যমে বৈধ চ্যানেলে বৈদেশিক মুদ্রায় মাসিক চাঁদার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করিবেন।

(৪) নির্ধারিত তারিখের মধ্যে চাঁদা জমা করিতে ব্যর্থ হইলে পরবর্তী এক মাস পর্যন্ত জরিমানা ছাড়া চাঁদা প্রদান করা যাইবে এবং এক মাস অতিবাহিত হইলে পরবর্তী প্রতি দিনের জন্য ১% হারে বিলম্ব ফি জমা প্রদান সাপেক্ষে হিসাবটি সচল রাখা যাইবে।

(৫) কোনো চাঁদাদাতা ধারাবাহিকভাবে ৩ (তিন) কিস্তি চাঁদা জমাদানে ব্যর্থ হইলে তাহার পেনশন হিসাবটি স্থগিত হইবে এবং প্রতিদিনের জন্য উপ-বিধি (৪) অনুযায়ী সমুদয় বকেয়া কিস্তি পরিশোধ না করা পর্যন্ত হিসাবটি সচল করা হইবে না।

(৬) চাঁদাদাতাগণ মাসের নাম উল্লেখপূর্বক যে কোনো পরিমাণ চাঁদার টাকা অগ্রিম হিসাবে জমা করিতে পারিবেন।

(৭) কোনো প্রতিষ্ঠান স্কিমে অংশগ্রহণ করিলে কর্মী এবং প্রতিষ্ঠানের জন্য ধার্যকৃত মাসিক চাঁদা প্রাতিষ্ঠানিকভাবে প্রতিষ্ঠান কর্তৃক একত্রে তহবিলে জমা করিতে হইবে।

(৮) সকল স্কিমের জন্য চাঁদার কিস্তি চাঁদাদাতার পছন্দ অনুযায়ী মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক ভিত্তিতে পরিশোধের সুযোগ থাকিবে।

(৯) চাঁদার টাকা জমা হইলে চাঁদাদাতার রেজিস্টার্ড মোবাইল নম্বরে তাহাকে অবহিত করা হইবে এবং নির্ধারিত তারিখের মধ্যে চাঁদা প্রদান করা না হইলে বিলম্ব ফিসহ চাঁদা জমাদানের জন্য চাঁদাদাতার রেজিস্টার্ড মোবাইল নম্বরে মেসেজ প্রদান করা হইবে।

৬। **শারীরিক ও মানসিকভাবে অসমর্থ চাঁদাদাতার ক্ষেত্রে বিধান।**—(১) কোনো চাঁদাদাতা চাঁদা প্রদানকালে শারীরিক ও মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ী বা সাময়িকভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মহীন ও উপার্জনে অসমর্থ হইলে তাহাকে অস্বচ্ছল চাঁদাদাতা হিসাবে ঘোষণার জন্য তিনি কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) কোনো চাঁদাদাতার অসচ্ছলতা নির্ণয়ের উদ্দেশ্যে কর্তৃপক্ষ, প্রজ্ঞাপন দ্বারা, কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে পৃথক পৃথক মেডিকেল বোর্ড গঠন করিবে।

(৩) মেডিকেল বোর্ডের সুপারিশ ব্যতীত কোনো চাঁদাদাতাকে অস্বচ্ছল চাঁদাদাতা হিসাবে ঘোষণা করা যাইবে না।

(৪) চাঁদাদাতার মানসিক বা শারীরিক অসামর্থ্যের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি সচিব, অর্থ বিভাগ বরাবর আপিল দায়ের করিতে পারিবেন।

(৫) আপিল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৬) অস্বচ্ছল চাঁদাদাতা হিসাবে ঘোষিত হইবার পর সর্বোচ্চ ১২ (বারো) মাস পর্যন্ত চাঁদা পরিশোধ না করিলেও চাঁদাদাতার পেনশন হিসাবটি স্থগিত হইবে না।

৭। **মানসিক ভারসাম্যহীন ব্যক্তি চাঁদাদাতা হইলে চাঁদা প্রদানের বিধান।**—(১) কোনো চাঁদাদাতা চাঁদা প্রদানকালে মানসিক অসামর্থের কারণে অস্বচ্ছল হিসাবে ঘোষিত হইলে কর্তৃপক্ষ উক্ত স্কিমের স্বত্ব উক্ত মানসিক ভারসাম্যহীন ব্যক্তির নমিনী অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারীর উপর ন্যস্ত করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো মানসিক ভারসাম্যহীন চাঁদাদাতার নমিনী বা, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারী তাহার পেনশন হিসাব বা কর্পাস হিসাবে চাঁদার কিস্তি নিয়মিত জমা করিয়া স্কিম চালু রাখিতে পারিবেন এবং স্কিমের মেয়াদ শেষে উক্ত স্কিমের বিপরীতে পেনশনের অর্থ নমিনী বা নমিনীগণ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ উত্তোলন করিতে পারিবেন।

৮। **চাঁদাদাতা বা পেনশনার নিখোঁজ হইলে চাঁদা প্রদানের বিধান।**—(১) চাঁদাদাতা নিখোঁজ হইলে, নিখোঁজ ব্যক্তির নমিনী বা, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারী সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়রি করিয়া তাহার নিখোঁজ হইবার বিষয়টি পেনশনের সম্মুখ অফিসে বা কর্তৃপক্ষকে অবহিত করিয়া চাঁদাদাতার পেনশন হিসাব বা কর্পাস হিসাবে নির্দিষ্ট চাঁদার অর্থ জমা করিতে পারিবেন।

(২) চাঁদাদাতা নিখোঁজ হইবার ৭ (সাত) বৎসর অতিক্রান্ত হইলে এবং নিখোঁজ ব্যক্তি ফিরিয়া না আসিলে, উক্ত চাঁদাদাতার স্কিম স্থগিত রাখিতে হইবে এবং পেনশনের প্রাপ্যতা অর্জিত হওয়া সাপেক্ষে তাহাকে নিখোঁজ পেনশনার গণ্য করিয়া উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) পেনশনার তাহার বয়স ৭৫ (পঁচাত্তর) বৎসর পূর্ণ হইবার পূর্বে নিখোঁজ হইলে, তাহার নিখোঁজ হইবার অন্যূন ৭ (সাত) বৎসর পর পেনশনারের মাসিক পেনশন বাবদ পাওনা তাহার নমিনী বা নমিনীগণ অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণকে প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিখোঁজ পেনশনারের নমিনী বা নমিনীগণ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ পেনশনারের বয়স ৭৫ (পঁচাত্তর) বৎসর পূর্ণ হইতে যতদিন লাগে ততদিন পর্যন্ত মাসিক পেনশন প্রাপ্য হইবেন।

৯। **সমতা স্কিমে চাঁদাদাতার অনুকূলে সরকারি অর্থ জমা প্রদান, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ, আইনের ধারা ১৬ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) অনুসারে সমতা স্কিমে সরকারি অংশ প্রদানের জন্য যথেষ্ট অর্থ রহিয়াছে কিনা বা যথেষ্ট অর্থ না থাকিলে ইহা বাবদ কী পরিমাণ অর্থের প্রয়োজন হইবে, তাহা কর্তৃপক্ষ ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারণ করিয়া প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র অর্থ বিভাগে প্রেরণ করিবে এবং অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সমতা স্কিমে সরকারি অংশ কর্পাস হিসাবে জমা প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক প্রদেয় অর্থ কর্তৃপক্ষ তহবিলে আকলনপূর্বক (credit) জমা করিবে এবং আকলিত (credited) অর্থ বিকলনপূর্বক (debit) সংশ্লিষ্ট চাঁদাদাতার কর্পাস হিসাবে জমা করিবে।

(৩) কর্তৃপক্ষ এই বিধির অধীন প্রাপ্ত সরকারি অনুদানের একটি হিসাব সম্বলিত ত্রৈমাসিক প্রতিবেদন অর্থ বিভাগ বরাবর প্রেরণ করিবে।

১০। **চাঁদাদাতা কর্তৃক নমিনী মনোনয়ন।**—(১) স্কিমের চাঁদাদাতা, স্কিমে জমাকৃত অর্থ বা জমার বিপরীতে প্রাপ্য পেনশন বাবদ অর্থ তাহার মৃত্যুর পর গ্রহণ বা উত্তোলনের নিমিত্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরম অনলাইনে পূরণ করিয়া এক বা একাধিক নমিনী মনোনয়ন প্রদান করিতে পারিবেন এবং যে কোনো সময় নমিনী বাতিল করিয়া এক বা একাধিক নূতন নমিনী নির্বাচন করিতে পারিবেন।

(২) চাঁদাদাতা কর্তৃক প্রদত্ত একক নমিনী বা একাধিক নমিনীর ক্ষেত্রে সকল নমিনী মৃত্যুবরণ করিলে চাঁদাদাতাকে পুনরায় নমিনী মনোনয়ন করিতে হইবে।

(৩) নমিনী নাবালক হইলে, চাঁদাদাতার মৃত্যুর পর নমিনী সাবালক না হওয়া পর্যন্ত নমিনীর পক্ষে স্কিমের প্রাপ্য অর্থ গ্রহণ বা উত্তোলনের জন্য চাঁদাদাতা নমিনী প্রদানকালে যে কোনো ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপ নিয়োগের ক্ষেত্রে চাঁদাদাতার মৃত্যুর পর নমিনী সাবালক না হওয়া পর্যন্ত নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নাবালকের প্রতিনিধি হিসাবে গণ্য হইবে।

১১। **স্কিমের সম্মুখ অফিস।**—(১) কর্তৃপক্ষ, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সময় সময়, তহবিলের জন্য নির্ধারিত তফসিলি ব্যাংক বা ব্যাংকসমূহের শাখা বা উপশাখা, অন্য কোনো সরকারি অফিস এবং পোস্ট অফিসের শাখাসমূহকে স্কিমের সম্মুখ অফিস হিসাবে ঘোষণা করিতে পারিবে।

(২) চাঁদাদাতা স্কিমে নিবন্ধন এবং অংশগ্রহণের পর এই সংক্রান্ত যেকোনো তথ্য কর্তৃপক্ষের ওয়েবসাইট, হেল্প ডেস্ক এবং সম্মুখ অফিস হইতে সংগ্রহ করিতে পারিবেন।

(৩) সম্মুখ অফিসে দায়িত্ব পালনকালে কোনো দুর্নীতি বা অনিয়ম করা হইলে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৪) কোনো সম্মুখ অফিসের বিরুদ্ধে কোনো অভিযোগ উত্থাপিত হইলে বা অন্য কোনো উপযুক্ত কারণে, কর্তৃপক্ষ সম্মুখ অফিস হিসাবে ঘোষিত কোনো অফিসকে বাদ দিতে পারিবে।

১২। **চাঁদাদাতার পেনশন হিসাব বা কর্পাস হিসাব।**—(১) স্কিমের আওতাভুক্ত প্রত্যেক চাঁদাদাতার নামে একটি পৃথক পেনশন হিসাব থাকিবে, যাহা তাহার কর্পাস হিসাব হইবে এবং উক্ত কর্পাস হিসাবে চাঁদাদাতা কর্তৃক জমাকৃত চাঁদার অংক হিসাবায়ন করা হইবে।

(২) কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসর শেষে সর্বজনীন পেনশন তহবিলের নিরীক্ষিত হিসাব বিবরণী অনুযায়ী কর্পাস হিসাবের স্থিতির উপর লভ্যাংশ ঘোষণা করিবে।

(৩) চাঁদাদাতার জমাকৃত চাঁদার উপর উপ-বিধি (২) এর অধীন ঘোষিত নির্ধারিত হারে লভ্যাংশ আকলন (credit) দেখাইয়া কর্পাস হিসাবের পুঞ্জীভূত জমার পরিমাণ নির্ধারিত হইবে।

(৪) চাঁদাদাতার কর্পাস হিসাবে পুঞ্জীভূত জমার ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক মাসিক পেনশন (অ্যানুইটি) এর পরিমাণ নিরূপণ করা হইবে।

১৩। **স্কিমের রূপান্তর।**—(১) চাঁদাদাতা যৌক্তিক কারণ উল্লেখপূর্বক, কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, তাহার অনুকূলে চালুকৃত স্কিমের পরিবর্তে অন্য স্কিম বা স্কিমের চাঁদা প্রদানের হার পরিবর্তন করিতে পারিবেন।

(২) স্কিম রূপান্তরের ক্ষেত্রে রূপান্তরিত স্কিমে নূতন চাঁদার হিসাব পৃথক রাখিয়া লভ্যাংশ ও পুঞ্জীভূত জমার অর্থের হিসাব করিতে হইবে, যাহা পূর্বতন স্কিমের পুঞ্জীভূত জমার সহিত যুক্ত হইবে।

(৩) স্কিম রূপান্তরের কারণে মেয়াদ পূর্তিতে মাসিক পেনশনের পরিমাণ পুনঃনির্ধারিত হইবে।

১৪। **স্কিমের স্বত্ব।**—(১) এই বিধিমালার অধীন কোনো চাঁদাদাতার অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত কোনো স্কিমের সম্পূর্ণ স্বত্ব উক্ত স্কিমের চাঁদাদাতার থাকিবে।

(২) পেনশন স্কিমে চাঁদাদাতা উক্ত স্কিমের স্বত্ব অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সত্তার নিকট হস্তান্তর করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, স্কিম বা পেনশন চলিবারকালে যে কোনো সময়ে চাঁদাদাতার মৃত্যু হইলে উক্ত স্কিমের অর্থ চাঁদাদাতা কর্তৃক মনোনীত নমিনী বা নমিনীর অবর্তমানে চাঁদাদাতার উপযুক্ত উত্তরাধিকারী বরাবর হস্তান্তরে কোনোরূপ বাধা থাকিবে না।

১৫। **প্রদত্ত চাঁদা হইতে ঋণ গ্রহণ।**—(১) চাঁদাদাতা, নিজের এবং পরিবারের সদস্যগণের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য, প্রয়োজনে, তহবিলে কেবল তাহার জমাকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ঋণ হিসাবে উত্তোলন করিতে পারিবেন, যাহা কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসহ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) কিস্তিতে পরিশোধ করিতে হইবে এবং সমুদয় অর্থ চাঁদাদাতার হিসাবে জমা হইবে।

(২) বিধি (১) এর অধীন গৃহীত ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত নূতনভাবে কোনো ঋণ গ্রহণ করা যাইবে না।

১৬। **চাঁদাদাতা বা পেনশনারের মৃত্যুর পর স্কিমের বিপরীতে প্রাপ্য অর্থ প্রদান।**—(১) চাঁদাদাতা নমিনী প্রদানপূর্বক মৃত্যুবরণ করিলে এবং তাহার মৃত্যুর পর নমিনী মনোনয়ন কার্যকর থাকিলে উক্ত স্কিমের অর্থ নমিনী প্রাপ্য হইবেন।

(২) নমিনী নাবালক হইলে চাঁদাদাতা বা পেনশনারের মৃত্যুর পর বিধি ১০ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তি স্কিমের বিপরীতে জমাকৃত অর্থ বা পেনশনের অর্থ প্রাপ্য হইবেন এবং উক্তরূপ কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত না হইলে নাবালকের আইনসম্মত অভিভাবক উল্লিখিত স্কিমের আওতায় পাওনা অর্থ প্রাপ্য হইবেন।

(৩) কোনো স্কিমের বিপরীতে একাধিক নমিনী থাকিলে এবং যে কোনো একজন নমিনী মৃত্যুবরণ করিলে এবং মৃত নমিনীর বিপরীতে নূতন কোনো নমিনী মনোনয়ন না করা হইলে, জীবিত নমিনী বা নমিনীগণ উল্লিখিত স্কিমে উত্তরাধিকারী হিসাবে গণ্য হইবেন এবং উক্ত স্কিমের অর্থ প্রাপ্য হইবেন।

(৪) কোনো স্কিমের চাঁদাদাতা মাসিক পেনশন প্রাপ্যতা অর্জিত হইবার পর মৃত্যুবরণ করিলে উক্ত স্কিমে জমাকৃত পুঞ্জীভূত অর্থের ভিত্তিতে পেনশন নির্ধারণপূর্বক তাহার নমিনী বা নমিনীগণকে অথবা নমিনী না থাকিলে তাহার উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণকে পেনশন প্রদান করা যাইবে এবং এই ক্ষেত্রে উপ-বিধি (৫) এর বিধান প্রযোজ্য হইবে।

(৫) এই বিধির আওতায় কোনো স্কিমের চাঁদাদাতা পেনশনে থাকাকালীন তাহার বয়স ৭৫ (পঁচাত্তর) বৎসর পূর্ণ হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে পেনশনারের নমিনী বা নমিনীগণ অথবা নমিনী না থাকিলে তাহার উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ অবশিষ্ট সময়ের জন্য অর্থাৎ মূল পেনশনারের বয়স ৭৫ (পঁচাত্তর) বৎসর পূর্ণ হইতে যতদিন অবশিষ্ট থাকিবে ততদিন পর্যন্ত মাসিক পেনশন প্রাপ্য হইবেন।

(৬) কোনো স্কিমের চাঁদাদাতা মাসিক পেনশন প্রাপ্যতা অর্জিত হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে তাহার নমিনী বা নমিনীগণ অথবা নমিনীর অবর্তমানে উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ মুনাফাসহ জমাকৃত অর্থ ফেরত পাইবেন।

১৭। **চাঁদাদাতা বা পেনশনার মৃত্যুবরণ করিলে উত্তরাধিকার সংক্রান্ত বিধান।**—(১) নমিনীর অবর্তমানে উত্তরাধিকারী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার কর্তৃক ইস্যুকৃত উত্তরাধিকার সনদের ভিত্তিতে কর্তৃপক্ষ উত্তরাধিকার সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(২) কর্তৃপক্ষের সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি সচিব, অর্থ বিভাগ বরাবর আপিল করিতে পারিবেন।

(৩) আপিল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। **রেকর্ড সংরক্ষণ।**—কর্তৃপক্ষ স্কিমের হিসাব, পেনশন হিসাব, কর্পাস হিসাব, চাঁদাদাতা ও নমিনীর জীবন বৃত্তান্তসহ যাবতীয় তথ্য ডিজিটাল পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ করিবার পাশাপাশি backup রাখিবে।

# তফসিল

## [বিধি ২(১)(ঘ) এবং ৩ দ্রষ্টব্য]

### প্রবাস স্কিম

| মাসিক চাঁদার হার | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

### প্রগতি স্কিম

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

## সুরক্ষা স্কিম

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

সমতা স্কিম

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা<br>(চাঁদাদাতা ৫০০ টাকা+ সরকারি অংশ ৫০০ টাকা) |
|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৯,২০০ |
| ৩৫ | ১৯,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫৩০ |

**বিশেষ দ্রষ্টব্য:** বিধি ৩ এর উপ-বিধি (২) এবং ১২ এর বিধান সাপেক্ষে মাসিক পেনশনের পরিমাণ হ্রাস-বৃদ্ধি হইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোস্তফা**
অতিরিক্ত সচিব।

সৈয়দ জাকির হাসান, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৪৮-আইন/২০২৪।**—সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এর ধারা ২৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সর্বজনীন পেনশন স্কীম বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘঘ) এবং (ঘঘঘ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঘঘ) **"রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান"** অর্থ সরকার অথবা কোনো স্বায়ত্তশাসিত বা স্ব-শাসিত সংস্থার মালিকানাধীন বা উহাতে ন্যস্ত অথবা শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগের অধিক সরকারের অর্থায়নে পরিচালিত কোনো ব্যবসায়-উদ্যোগ, কোম্পানি ব্যাংক, বিমা, আর্থিক প্রতিষ্ঠান অথবা শিল্প-বাণিজ্য সম্পর্কিত বা অনুরূপ কোনো প্রতিষ্ঠান;

(ঘঘঘ) **"স্বশাসিত বা স্বায়ত্তশাসিত সংস্থা"** অর্থে আপতত বলবৎ কোনো আইন দ্বারা অথবা উহার অধীন প্রতিষ্ঠিত বা গঠিত কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন, কমিশন, সংস্থা, পাবলিক বিশ্ববিদ্যালয়, ইন্সটিটিউশন, কাউন্সিল, একাডেমি, ট্রাস্ট, বোর্ড বা ফাউন্ডেশন, উহা যে নামেই অভিহিত হউক না কেন, অন্তর্ভুক্ত হইবে;"



মূল্য : টাকা ৮.০০

(২) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ক) **প্রবাস স্কীম (প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের জন্য)**: বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোনো বাংলাদেশি নাগরিক তফসিলে বর্ণিত চাঁদার সমপরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সেই একাউন্ট হইতে মাসিক চাঁদা জমা প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এবং তিনি দেশে প্রত্যাবর্তনের পর সমপরিমাণ অর্থ দেশীয় মুদ্রায় পরিশোধ করিতে পারিবেন এবং, প্রয়োজনে, স্কিম পরিবর্তন করিতে পারিবেন, তবে, পেনশন স্কিমের মেয়াদ পূর্তিতে পেনশনার দেশীয় মুদ্রায় পেনশন প্রাপ্য হইবেন;";

(খ) উপ-বিধি (১) এর দফা (ঘ) এর প্রান্তঃস্থিত দাঁড়ি "।" চিহ্নের পরিবর্তে সেমিকোলন ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:—

"(ঙ) প্রত্যয় স্কিম (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান, স্ব-শাসিত বা স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা বা কর্মচারীগণের জন্য): রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান বা স্ব-শাসিত বা স্বায়ত্তশাসিত সংস্থার চাকরিতে যে সকল কর্মকর্তা বা কর্মচারী, তাহারা যে নামেই অভিহিত হউন না কেন, ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ ও তৎপরবর্তী সময়ে নূতন যোগদান করিবেন তাহাদের জন্য এই স্কিম বাধ্যতামূলক হইবে এবং তাহাদের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান বা সংস্থার জন্য প্রযোজ্য অবসর সুবিধা সংক্রান্ত বিধি-বিধান প্রযোজ্য হইবে না; তবে, বর্তমানে উক্তরূপ প্রতিষ্ঠান বা সংস্থায় যে সকল কর্মকর্তা বা কর্মচারী কর্মরত রহিয়াছেন তাহারাও আগ্রহ প্রকাশ করিলে ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে ন্যূনতম ১০ (দশ) বৎসর চাকরি থাকা সাপেক্ষে, এই স্কিমে অংশগ্রহণ করিতে পারিবেন; এই স্কিমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর প্রাপ্ত মূলবেতনের ১০% (শতকরা দশ ভাগ) বা সর্বোচ্চ (পাঁচ) হাজার টাকা, যাহা কম হয় তাহা কর্মকর্তা বা কর্মচারীর বেতন হইতে কর্তন করিবে এবং সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা প্রদান করিবে এবং অতঃপর উভয় অর্থ উক্ত প্রতিষ্ঠান বা সংস্থা উক্ত কর্মকর্তা বা কর্মচারীর কর্পাস হিসাবে জমা করিবে;";

(গ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা:—

"(৩) জাতীয় পেনশন কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, প্রয়োজনে, কোনো স্কিমের মাসিক চাঁদার হার পরিবর্তন করিতে পারিবে।";

(৩) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২ক) প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ তাহার পরিবারের ১৮ (আঠারো) বৎসর বা তদূর্ধ্ব বয়সের এক বা একাধিক সদস্যের, যেমন-স্বামী বা স্ত্রী, বাবা, মা, ভাই, বোন, পুত্র, কন্যা ইত্যাদি, নামে উক্ত ব্যক্তির জন্য প্রযোজ্য স্কিমে নিবন্ধন করিয়া মাসিক চাঁদা প্রদান করিতে পারিবেন।";

(খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা:—

"(৬) প্রত্যয় স্কিমে অংশগ্রহণকারী কর্মকর্তা বা কর্মচারীগণের মাসিক বেতন বিল হইতে চাঁদার অর্থ কর্তনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা কর্মকর্তা বা কর্মচারীর অনুকূলে প্রদত্ত পেনশন আইডি নম্বরের বিপরীতে প্রতিষ্ঠান বা সংস্থার চাঁদাসহ একত্রে সর্বজনীন পেনশন তহবিলে জমা করিবে।";

(৪) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, এক্সচেঞ্জ হাউজ ও ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সেই একাউন্ট হইতে মাসিক চাঁদার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করিবেন।";

(খ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৬) চাঁদাদাতাগণ মাসের নাম উল্লেখপূর্বক সর্বোচ্চ ১২ (বারো) মাসের চাঁদার টাকা অগ্রিম হিসাবে জমা করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, প্রত্যয় স্কিম এবং প্রগতি স্কিমে প্রাতিষ্ঠানিকভাবে অংশগ্রহণকারী কর্মকর্তা বা কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।";

(গ) উপ-বিধি (৮) বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৯) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১০) সংযোজিত হইবে, যথা:—

"(১০) প্রত্যয় স্কিমে অংশগ্রহণকারী কর্মকর্তা বা কর্মচারীগণের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক চাঁদা প্রতি মাসের বেতন পরিশোধের পরবর্তী কর্মদিবসের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক সর্বজনীন পেনশন তহবিলে জমা করিতে হইবে।";

(৫) বিধি ৬ এর উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৭) সংযোজিত হইবে, যথা:—

"(৭) প্রত্যয় স্কিমে অংশগ্রহণকারী কোনো কর্মকর্তা বা কর্মচারীকে তাহার শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান করা হইলে বা তাহার আবেদনের পরিপ্রেক্ষিতে স্বেচ্ছা অবসর প্রদান করা হইলে তিনি নিম্নরূপ সুবিধা প্রাপ্য হইবেন—

(ক) নিরবচ্ছিন্নভাবে ১০(দশ) বৎসর চাঁদা প্রদান করিয়া থাকিলে তাহার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের ভিত্তিতে মাসিক পেনশন প্রাপ্য হইবেন;

(খ) নিরবচ্ছিন্নভাবে ১০(দশ) বৎসর চাঁদা প্রদান না করিয়া থাকিলে মুনাফাসহ চাঁদাদাতার কর্পাস হিসাবে জমাকৃত অর্থ এককালীন প্রাপ্য হইবেন;

(গ) কর্মকর্তা বা কর্মচারী ইচ্ছা পোষণ করিলে, স্কিম বা চাঁদার হার পরিবর্তন করিয়া ব্যক্তিগতভাবে চাঁদা প্রদানপূর্বক পেনশন হিসাব সচল রাখিতে পারিবেন।";

(৬) বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি (৬ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"৬ক। **প্রত্যয় স্কিমে চাঁদাদাতার বাধ্যতামূলক অবসর ও অপসারণ**।—প্রত্যয় স্কিমে অংশগ্রহণকারী কোনো কর্মকর্তা বা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চাকরি হইতে শৃঙ্খলাজনিত কারণে বাধ্যতামূলক অবসর প্রদান বা অপসারণ করা হইলে এই সংক্রান্ত আদেশ পর্যালোচনাপূর্বক জাতীয় পেনশন কর্তৃপক্ষ তাহার পেনশন প্রাপ্যতা সংক্রান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।";

(৭) বিধি ৮ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা:—

"(৪) প্রত্যয় স্কিমে অংশগ্রহণকারী চাঁদাদাতা বা পেনশনার নিখোঁজ হইলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রাপ্তির পর পেনশন কর্তৃপক্ষ কর্তৃক পেনশন প্রাপ্যতা সংক্রান্ত সিদ্ধান্ত প্রদান করা হইবে।";

(৮) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রত্যয় স্কিমের চাঁদাদাতাগণ চাকরিরত অবস্থায় স্কিম পরিবর্তন করিতে পারিবেন না।";

(৯) তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল

[বিধি ২(১) (ঘ) এবং ৩ দ্রষ্টব্য]

প্রবাস স্কিম

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৯৩২ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ১৫,৯১০ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৯ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

প্রগতি স্কিম

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ |

সুরক্ষা স্কিম

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

সমতা স্কিম

| মাসিক চাঁদার হার | ১০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা+সরকারি অংশ ৫০০ টাকা) |
|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৯,২০০ |
| ৩৫ | ১৯,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫৩০ |

প্রত্যয় স্কিম

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ |

**বিশেষ দ্রষ্টব্য :** ১। বিধি ৩ এর উপ-বিধি (২) এবং বিধি ১২ এর বিধান সাপেক্ষে মাসিক পেনশনের পরিমাণ হ্রাস-বৃদ্ধি হইতে পারে।

২। প্রত্যয় স্কিমের ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে মাসিক চাঁদার হার নিরূপিত হইবে বিধায় ছকে প্রদর্শিত চাঁদার হার পরিবর্তিত হইবার সুযোগ থাকিবে এবং চাঁদার হার ভগ্নাংশের পরিবর্তে নিকটবর্তী পূর্ণ টাকায় প্রদান করিতে হইবে এবং প্রকৃত চাঁদার হারের ভিত্তিতে মাসিক প্রাপ্য পেনশন নিরূপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দিলরুবা শাহীনা
অতিরিক্ত সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৪৭-আইন/২০২৪।**—সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, সকল স্ব-শাসিত, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ বা সমজাতীয় সংস্থা এবং উহাদের অধীনস্থ অঙ্গ প্রতিষ্ঠানসমূহের চাকরিতে যে সকল কর্মকর্তা বা কর্মচারী, তাহারা যে নামেই অভিহিত হউন না কেন, ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ ও তৎপরবর্তী সময়ে নূতন যোগদান করিবেন, তাহাদেরকে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনার আওতাভুক্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.২৩.১৩৭

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩১ / ০৪ আগস্ট ২০২৪

**বিষয়: বিশ্ববিদ্যালয়, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং সরকারি কর্মচারীদের সর্বজনীন পেনশন ব্যবস্থায় অংশগ্রহণের বাধ্যবাধকতা বাতিল।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার বিশ্ববিদ্যালয়, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং প্রজাতন্ত্রের সকল বেতনভুক কর্মচারীদের ক্ষেত্রে সর্বজনীন পেনশন ব্যবস্থায় অংশগ্রহণের বাধ্যবাধকতা বাতিল করেছে। সে অনুযায়ী সকল স্ব-শাসিত, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ বা সমজাতীয় সংস্থা এবং উহার অধিনস্ত অঙ্গ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা বা কর্মচারীদের জন্য প্রযোজ্য 'প্রত্যয়' স্কিমটি ইতোমধ্যে বাতিল করা হয়েছে। একইভাবে আগামী ১ জুলাই ২০২৫ তারিখ থেকে প্রজাতন্ত্রের বেতনভুক সরকারি কর্মচারীদের সর্বজনীন পেনশন ব্যবস্থায় আনয়নের সিদ্ধান্তটিও বাতিল করা হয়েছে।

০৪.০৮.২৪
(মো. আমিনুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫১৪৪৮৭

নির্বাহী চেয়ারম্যান
জাতীয় পেনশন কর্তৃপক্ষ
৪৩, কাকরাইল, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১. অতিরিক্ত সচিব (প্রবিধি), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০২. একান্ত সচিব (উপসচিব), অর্থ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ পৌষ ১৪২০ বঙ্গাব্দ/১৮ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৮৫-আইন/২০১৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার Prescribed Leave Rules, 1959, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর rule 3 এর sub-rule (1) এর পর নিম্নরূপ নূতন sub-rule (1A) সন্নিবেশিত হইবে, যথা :—

"(1A). Notwithstanding anything contained in any other provisions of this Rules, the member of Border Guard shall earn leave at the rate of $1/6^{th}$ of the period spent on duty and the maximum that may be accumulated shall be four months. Any period earned in excess of four months shall be credited to a separate item in the leave account from which leave may be allowed on average pay on medical certificate or for the purpose of pilgrimage, education or rest and recreation outside Bangladesh.

**Explanation**—In this sub-rule, the term "member of Border Guard" shall have the same meaning as is defined in section 2(28) of the Border Guard Bangladesh Act, 2010 (Act No. 63 of 2010)."।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইমদাদুল হক**
অতিরিক্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ৪.০০

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ২৮ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/১১ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ৯৩-আইন/২০২১।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, Bangladesh Service Rules (Part-1) এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 197 এর sub-rule (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (1) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(1) Where a female Government servant applies for maternity leave, the authority mentioned in rule 149 or, rule 150, as the case may be, shall grant such leave for a period of 6 (six) months from the date of commencement of the leave or her confinement for the purpose of delivery, whichever is earlier:

Provided that if a female enters into Government service at her first appointment with a child less than 6 (six) months of age and applies for maternity leave, such leave shall be granted for a period which may be extended up to the date until the child attains its age of 6 (six) months."।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোস্তফা**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৩-১৩০

তারিখঃ ০১-১০-২০১৩ খ্রিষ্টাব্দ / ১৬-০৬-১৪২০ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

The General Provident Fund Rules, 1979 এর Rule 12 (1) এবং The Contributory Provident Fund Rules, 1979 এর Rule 12 এর বিধান অনুসারে ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট (Increment)/সুদের হার (Rate of Interest) ১৩.০০% -এ নির্ধারণ করা হলো ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
০১.১০.২০১৩
(এ,এফ, আমিন চৌধুরী)
যুগ্ম-সচিব
ফোনঃ ৯৫৭৩৭৭০

উপ-নিয়ন্ত্রক
মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৩-১৩০/১(১০০)

তারিখঃ ০১-১০-২০১৩ খ্রিষ্টাব্দ / ১৬-০৬-১৪২০ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা ।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা ।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব.............................................................................................সকল মন্ত্রণালয়/বিভাগ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব/ভারপ্রাপ্ত সচিব.............................................................................................সকল মন্ত্রণালয়/বিভাগ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৭। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
৮। বিভাগীয় কমিশনার (সকল).............................................................।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয়, রাজশাহী। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকা ।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা ।তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক ........................................সকল বিভাগ ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................................................(সকল)।

১.১০.২০১৩
(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১৮১

(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৩-১২৮

তারিখঃ ২৮-০৯-২০১৪ খ্রিষ্টাব্দ
১৩-০৬-১৪২১ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

The General Provident Fund Rules, 1979 এর Rule 12 (1) এবং The Contributory Provident Fund Rules, 1979 এর Rule 12 এর বিধান অনুসারে ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট (Increment)/সুদের হার (Rate of Interest) ১৩.০০% -এ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
২৮-০৯-২০১৪খ্রিঃ
(তপন কুমার কর্মকার)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫৭৬৫৫৪

উপ-নিয়ন্ত্রক
